57. ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল- এর প্রধান কার্যালয় কোথায়?
(a) ফ্রান্স (b) জার্মানি
(c) নেদারল্যান্ড (d) হাঙ্গেরি

58. 'বেলফোর ঘোষণা' কোন রাষ্ট্রের প্রতিষ্ঠার সঙ্গে সম্পর্কিত?
(a) পাকিস্তান (b) কসোভো
(c) ইসরায়েল (d) কিউবা

59. বিশ্ব জনসংখ্যা রিপোর্ট প্রকার করে-
(a) ইউএনডিপি (b) বিশ্বব্যাংক
(c) ইউএনএফপিএ (d) ইউনিসেফ

60. কোন দেশটি সাবেক ব্রিটিশ উপনিবেশ না হয়েও কমনওয়েলথ এর সদস্য?
(a) সিঙ্গাপুর (b) তাইওয়ান
(c) ভিয়েতনাম (d) মোজাম্বিক

Written অংশ

পূর্ণমান: ৪০ সময়: ৪৫ মি

বাংলা (২০)

01. **অনুচ্ছেদটি পড় এবং নিচের প্রশ্নগুলোর (ক- ঙ) উত্তর দাও।**

২২ তারিখে সারা দিন ফরিদপুরে শোভাযাত্রা চলল। কয়েকজন ছাত্র-ছাত্রী এক জায়গায় হলেই স্লোগান দেয়। ছোট্ট ছোট্ট ছেলেমে রাস্তায় বেড়ায় আর স্লোগান দেয়। ২২ তারিখে খবরের কাগজ এল, কিছু কিছু খবর পেলাম। মুসলিম লীগ সরকার কত বড় অপরিণামদর্শি কাজ করল। মাতৃভাষা আন্দোলনে পৃথিবীতে এই প্রথম বাঙালিরাই রক্ত দিল। দুনিয়ার কোথাও ভাষা আন্দোলন করার জন্য গুলি, হত্যা করা হয় নাই। জনাব নূরুল আমিন বুঝতে পারলেন না, আমলাতন্ত্র তাঁকে কোথায় নিয়ে গেল। গুলি হলো মেডিকেল ক হোস্টেলের এরিয়ার ভেতরে, রাস্তায়ও নয়। ১৪৪ ধারা ভঙ্গ করলেও গুলি না করে গ্রেফতার করলেই তো চলত। আমি ভাবলাম, দেশ না জানি না, তবে রক্ত যখন আমাদের ছেলেরা দিয়েছে তখন বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা না করে আর উপায় নাই। মানুষের যখন, আসে তখন পদে পদে ভুল হতে থাকে।

ক) আমলাতন্ত্র কী?
খ) অপরিণামদর্শিতা শব্দটি কেন ব্যবহার করা হয়েছে?
গ) আলোচ্য অংশটুকু ভাষা আন্দোলনের গুরুত্ব যথাযথরূপে প্রকাশ করে কী? ব্যাখ্যা কর।
ঘ) নূরুল আমিন কে ছিলেন?
ঙ) আলোচ্য অংশটির সারাংশ অণবিক তিন বাক্যে লেখ?

02. **সারাংশ লিখঃ**

বৃক্ষের দিকে তাকালে জীবনের তাৎপর্য উপলব্ধি সহজ হয়। তাই, বারবার সেদিকে তাকানো প্রয়োজন, মাটির রস টেনে নিয়ে নিজে মোটাসোটা করে তোলাতেই বৃক্ষের কাজের সমাপ্তি নয়। তাকে ফুল ফোটাতে হয়, ফল ধরাতে হয়। নইলে তার জীবন অসম্পূর্ণ রে যাবে। তাই বৃক্ষকে সার্থকতার প্রতীক হিসেবে গ্রহণ করার প্রয়োজনীয়তা, সজীবতা ও সার্থকতার এমন জীবন্ত দৃষ্টান্ত আর নেই।

03. **বানান ভুল ও বাক্যের অসংগতি দূর করে বাক্যগুলো শুদ্ধ করে লিখ।**

ক) আত্মীয়রা শ্মশানে শব পোড়াচ্ছে।
খ) আপনার সঙ্গে গোপন পরামর্শ আছে।
গ) বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর।
ঘ) তিনি প্রাণীবিদ্যা বিভাগে লেখাপড়া করছেন।
ঙ) তিনি একজন ব্রাক্ষ্মন।

ইংরেজি (২০)

04. **Write a paragraph on "Earthquake".**

05. **"Water, water, everywhere,**
And all the boards did shrink;
Water, water, everywhere,
Nor any drop to drink"

From which poem are these lines taken? Who wrote this poem? Which figure of speech is used in thes lines?

06. **Fill in the blanks with appropriate word in each gap.**

build	potential	medicine	literally	surgeries
bacteria	delivery	specific	eliminate	robots

Nanotechnology has the (a) ___ to revolutionize several fields, but its great contribution may very well be in (b) _____. The applications of nanotechnology in medicine are, (c) _____ endless. Molecules could be (d) _____ to stick to and destroy cancer cells. Advanced drug delivery techniques could be used to deliver drugs to (e) ___ parts of the body and eliminate side effects.

ঢাবি 'খ' এক্সাম

পূর্ণমান: ১০০

সাবজেক্ট ফাইনাল বাংলা-০১ সল্যুশন

সময়: ১:৩০ মি.

MCQ অংশ

01. ১৯৬৯ -সালের গণঅভ্যুত্থানে পুলিশের গুলিতে কে শহিদ হন?
ব্যাখ্যা: (d); জেনে রাখো: ১৯৬৯ সালে পুলিশের গুলিতে মারা যান আসাদুজ্জামান, মতিউর ও শামসুজ্জোহা।

02. অনুপমকে বিবাহের আসর থেকে ফিরিয়ে দেওয়া হয়েছিল কেন?
ব্যাখ্যা: (c); অনুপমের ব্যক্তিত্বহীনতার কারণে

03. মৃত্যুঞ্জয় কোন বংশের ছেলে ছিল?
ব্যাখ্যা: (b); জেনে রাখো: মৃত্যুঞ্জয় অনাথ, তার পিতা মাতা ভাই বোন কেউ ছিল না।

04. আমার পথ প্রবন্ধে কবি কাজী নজরুল ইসলামের পথ প্রদর্শক -
ব্যাখ্যা: (d); জেনে রাখো: কাজী নজরুল ইসলাম এমন এক আমির আবাহন প্রত্যাশা করেছেন যার পথ সত্যের পথ; সত্য প্রকাশে তিনি নির্ভীক নিঃসংকোচ।

05. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় কলিকাতা বিশ্ববিদ্যালয় থেকে কোন পদক লাভ করেন?
ব্যাখ্যা: (b); জগত্তারিণী

06. 'বায়ান্নর দিনগুলো' রচনায় প্রদত্ত কারাগারে অনশনরত বঙ্গবন্ধুর সঙ্গী কে ছিলেন?
ব্যাখ্যা: (c); মহিউদ্দিন আহ্‌মেদ

07. "ঠাট্টার সম্পর্কটাকে স্থায়ী করিবার ইচ্ছা আমার নাই।" অপরিচিতা গল্পের উক্তিটি কার-
ব্যাখ্যা: (b); শম্ভুনাথের

08. 'শেষের কবিতা' কোন ধরনের রচনা?
ব্যাখ্যা: (b); জেনে রাখো: শেষের কবিতা রবীন্দ্রনাথ ঠাকুরের একটি উপন্যাস। এটি বাংলা সাহিত্যের অন্যতম রোমান্টিক কাব্যধর্মী উপন্যাস।

09. আঠারো বছর বয়সে কাঁদতে জানে না কেন?
ব্যাখ্যা: (c); এ বয়সে অধিকার আদায় করে নেয় বলে

10. 'বিদ্রোহী' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে সংকলিত?
ব্যাখ্যা: (c); জেনে রাখো: অগ্নিবীণা কাব্যগ্রন্থটি কাজী নজরুল ইসলামের প্রথম কাব্যগ্রন্থ।

11. তাহারেই পড়ে মনে কবিতায় মাঘের সন্ন্যাসী বলতে বুঝিয়েছেন-
ব্যাখ্যা: (a); জেনে রাখো: শীত ঋতুতে প্রকৃতি রিক্ত-শূন্য হয়ে পড়ে। এখানে মাঘের সন্ন্যাসী বলতে বুঝিয়েছেন শীতকে।

12. জমিলা আমাদের সমাজব্যবস্থার কোন অংসগতির শিকার?
ব্যাখ্যা: (a); জেনে রাখো: কারণ জমিলা নিতান্ত কিশোরী এবং মজিদের থেকে জমিলার বয়স অনেক কম।

13. বাংলা ভাষার মৌলিক রূপ কয়টি?
ব্যাখ্যা: (a); বাংলা ভাষার মৌলিক রূপ ২টি। ১। লিখিত ২। কথ্য।

14. 'পদ প্রকরণ' ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়?
ব্যাখ্যা: (b); রূপতত্ত্ব

15. নিচের কোনটি অঘোষ ধ্বনি নয়?
ব্যাখ্যা: (d); যে ধ্বনি উচ্চারণের সময় স্বরতন্ত্রী অনুরণিত হয় না তাকে অঘোষ ধ্বনি বলে। 'ম' হলো নাসিক্য ঘোষ ধ্বনি।

16. অভিভাবক > অবিভাবক কোন ধ্বনি পরিবর্তনের উদাহরণ?
ব্যাখ্যা: (c); দুটি সমবর্ণের মধ্যে পরিবর্তন হয়ে ভিন্ন ব্যঞ্জনে পরিণত হলে সেই পরিবর্তনকে বিষমীভবন বলে।

17. সতীশ শব্দটির সন্ধি বিচ্ছেদ-
ব্যাখ্যা: (d); ই-কার কিংবা ঈ-কারের পর ই-কার কিংবা ঈ-কার থাকলে উভয়ে মিলে ঈ-কার হয়।

18. নিচের কোন বানানগুচ্ছ শুদ্ধ?
ব্যাখ্যা: (b); অশুদ্ধ শব্দগুলোর সঠিক বানান- মধ্যাহ্ন, পরাস্ত, পক্ব।

19. দেশবিভাগের অব্যবহৃত পর পরিত্যাক্ত বাড়িটি দখল করেছিলো কলকাতার ঘিঞ্জী এলাকায় মাথাগুজে দুর্বিসহ জীবনযাপণ করা উদ্ভাস্ত কয়েকজন মানুষ। বাক্যটিতে ভুলের সংখ্যা কয়টি?
ব্যাখ্যা: (b); বাক্যটির শুদ্ধরূপ- দেশবিভাগের অব্যবহিত পর পরিত্যক্ত বাড়িটি দখল করেছিলো কলকাতার ঘিঞ্জি এলাকায় মাথাগুঁজে দুর্বিষহ জীবনযাপন করা উদ্বাস্তু কয়েকজন মানুষ।

20. খাঁটি বাংলা শব্দ কোনটি?
ব্যাখ্যা: (d); যেসব শব্দের মূল সংস্কৃত ভাষায় পাওয়া যায়, কিন্তু ভাষার স্বাভাবিক বিবর্তন ধারায় প্রাকৃতের মাধ্যমে পরিবর্তিত হয়ে আধুনিক বাংলা ভাষায় স্থান করে নিয়েছে, সেসব শব্দকে তদ্ভব বা খাঁটি বাংলা শব্দ বলা হয়।

21. পুরুষবাচক শব্দ কোনটি?
ব্যাখ্যা: (b); মায়াবী শব্দটি পুরুষবাচক শব্দ, যার স্ত্রীবাচক রূপ 'মায়াবিনী' বাকি শব্দগুলোর পুরুষবাচক শব্দ- রজক, বৈষ্ণব ও শ্রোতা।

22. 'একবিংশ' হচ্ছে-
ব্যাখ্যা: (b); পূরণবাচক সংখ্যাশব্দ দিয়ে কোনো সংখ্যার ক্রমিক অবস্থান ও পরিমাণকে বোঝায়।

23. বাংলা সাহিত্যের প্রাচীন যুগ কোনটি?
ব্যাখ্যা: (a); বাংলা সাহিত্য যুগকে তিনটি যুগে ভাগ করা হয়েছে। যথা: প্রাচীন যুগ - ৬৫০ থেকে ১২০০ খ্রিষ্টাব্দ, মধ্যযুগ- ১২০১ থেকে ১৮০০ খ্রিষ্টাব্দ এবং আধুনিক যুগ ১৮০১ থেকে বর্তমান সময় পর্যন্ত। ১২০১ - ১৩৫০ খ্রি. হলো অন্ধকার যুগ।

24. গোটা দেশটাই ছারখার হয়ে গেছে। এখানে 'গোটা' হলো -
ব্যাখ্যা: (b); পদাশ্রিত নির্দেশক

25. "অভ্যুত্থান ঘটিয়ে অনতিবিলম্বে অত্যাচারী রাজার অত্যাচার বন্ধ করা অত্যাবশ্যক।" বাক্যটিতে কয়টি উপসর্গ আছে?
ব্যাখ্যা: (d); অভ্যুত্থান = অভি+উৎ, অনতিবিলম্বে = অন + অতি + বি, অত্যাচারী = অতি + আ, অত্যাচার = অতি + আ, অত্যাবশ্যক = অতি + আ।

26. 'অপমান' শব্দের 'অপ' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত?
ব্যাখ্যা: (a); 'অপ' উপসর্গযোগে বিপরীত অর্থ প্রকাশ করে এমন কতিপয় শব্দ - অপকার, অপচয়, অপবাদ।

27. লাঠালাঠি কোন সমাসের উদাহরণ?
ব্যাখ্যা: (b); ক্রিয়ার পারস্পরিক অর্থে ব্যতিহার বহুব্রীহি সমাস হয়। এ সমাস পূর্বপদে 'আ' এবং উত্তর পদে 'ই' যুক্ত হয়। লাঠালাঠি এর ব্যাসবাক্য লাঠিতে লাঠিতে যে লড়াই।

28. 'হাটবাজার' কোন কোন ভাষার শব্দ যোগে গঠিত হয়েছে?
ব্যাখ্যা: (c); যেসব শব্দ দেশি ও বিদেশি ভাষার সংমিশ্রণে কিংবা দুটি ভাষার দুটি শব্দের মিলনে গঠিত হয়, তাকে মিশ্র শব্দ বলে। যেমন: হাটবাজার (বাংলা + ফারসি) দুটি শব্দের সমন্বয়ে গঠিত হয়েছে। এরকম আরও কিছু শব্দ হলো: চৌহদ্দি (ফারসি + আরবি); রাজা-বাদশা (তৎসম + ফারসি) ইত্যাদি।

29. 'দর্শনীয়' শব্দের প্রকৃতি প্রত্যয় কোনটি?
ব্যাখ্যা: (b); সংস্কৃত কৃৎ- প্রত্যয় 'অনীয়' যোগে গঠিত দর্শনীয় শব্দ √দৃশ্ + অনীয়।

30. "হা-ঘরে" বাগধারাটির অর্থ-
ব্যাখ্যা: (c); আটকপালে - হতভাগ্য, হা ঘরে - গৃহহীন।

31. 'চিকচিক করে বালি কোথা নাই কাদা' এ বাক্যে চিকচিক পদটি-
ব্যাখ্যা: (b); ক্রিয়া বিশেষণ

32. "খাঁটি সোনার চাইতে খাঁটি, আমার দেশের মাটি" কোন বাক্যের উদাহরণ?
ব্যাখ্যা: (c); যে বাক্যে একটি প্রধান খণ্ডবাক্য ও আশ্রিত বাক্য থাকবে তাই মিশ্র বা জটিল বাক্য।

33. কোন কালের অনুজ্ঞা হয় না?
ব্যাখ্যা: (b); অতীত

34. 'চাঁদ দেখা যাচ্ছে' এই বাক্যে কোন বাচ্যের প্রয়োগ ঘটেছে?
ব্যাখ্যা: (d); কর্ম যখন কর্তারূপে বসে তখন সেটা কর্মকর্তৃবাচ্য হয়। এখানে চাঁদ কর্ম। কিন্তু কর্ম সত্ত্বেও কর্তার স্থানে বসেছে বলে কর্মকর্তৃবাচ্য হয়েছে।

35. এক কথায় প্রকাশ কর: 'যা সহজে অতিক্রম করা যায় না'-
ব্যাখ্যা: (d); যা কষ্টে নিবারণ করা যায় - দুর্নিবার;
যা কষ্টে লাভ করা যায় - দুর্লভ।

36. বাংলা বর্ণমালায় পূর্ণমাত্রার বর্ণ কয়টি?
ব্যাখ্যা: (b); বাংলা বর্ণমালায় পূর্ণমাত্রার বর্ণ ৩২ টি। অর্ধমাত্রার বর্ণ আটটি। যথা: ঋ, খ, গ, ণ, থ, ধ, প, শ; এবং মাত্রাহীন বর্ণ দশটি। যথা: এ, ঐ, ও, ঔ, ঙ, ঞ, ৎ, ং, ঃ, ँ।

37. 'ঘাটের মরা' বাগধারাটি কোন অর্থ প্রকাশ করে?
ব্যাখ্যা: (c); অতি বৃদ্ধ

38. 'সুধাকর' শব্দের অর্থ কি?
ব্যাখ্যা: (a); 'সুধাকর' অর্থ চন্দ্র, চাঁদ, ইন্দু, নিশাকর, শশী। সূর্য অর্থ রবি, আদিত্য, দিনমান ইত্যাদি।

39. কোন বাক্যে অসমাপিকা ক্রিয়াটি পরম্পরা বোঝাতে ব্যবহৃত হয়েছে?
ব্যাখ্যা: (b); চারটা বাজলে স্কুলের ছুটি হবে

40. হ্ন-এই যুক্তব্যঞ্জনে কোন কোন বর্ণ আছে?
ব্যাখ্যা: (a); হ্ন-সহযোগে গঠিত কয়েকটি শব্দ- অপরাহ্ন ইত্যাদি।

41. 'Pragmatic' শব্দটির পারিভাষিক শব্দ হলো-
ব্যাখ্যা: (b); Pragmatic -বাস্তবধর্মী অর্থাৎ একটি বাস্তববাদী মনোভাব বা নীতি।

42. 'জয়ধ্বনি' শব্দটির সঠিক উচ্চারণ কোনটি?
ব্যাখ্যা: (b); জয়োদ্ধোনি

43. Man gets as much as he wants-এর সঠিক বাংলা অনুবাদ কোনটি?
ব্যাখ্যা: (b); মানুষ যত পায়, তত চায়

44. "বাজার শেষ করে বাড়ি"- বাক্যটিতে কোন গুণের অভাব রয়েছে?
ব্যাখ্যা: (b); একটি সার্থক বাক্যের তিনটি গুণ থাকা আবশ্যক। যথা: আকাঙ্ক্ষা, আসক্তি, যোগ্যতা।

45. আবু জাফর ওবায়দুল্লাহর কবিতায় বিশেষভাবে প্রধান্য পেয়েছে-
ব্যাখ্যা: (d); রাষ্ট্রভাষা আন্দোলন ও মুক্তিযুদ্ধ

46. রেইনকোট গল্পে পাকিস্তানের শরীরের কাঁটা বলা হয়েছে-
ব্যাখ্যা: (c); শহিদ মিনারকে

47. কবি 'ছোট খেত' বলতে কি বুঝিয়েছেন?
ব্যাখ্যা: (d); জেনে রাখো: মানুষের কর্মক্ষেত্র হিসেবে পৃথিবীকে অর্থাৎ মানুষের জীবন পরিধিকে বোঝানো হয়েছে।

48. লালসালু উপন্যাসের শেষ বাক্য কোনটি?
ব্যাখ্যা: (d); বিশ্বাসের পাথরে যেন খোদাই সে চোখ

49. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় কবির স্মৃতিগন্ধে ভরপুর হয়ে আছে কী?
ব্যাখ্যা: (d); জেনে রাখো: কবির মনে হয় যেন ভাষা-শহিদের রক্তের বুদ্বুদ কৃষ্ণচূড়া ফুল হয়ে ফুটেছে।

50. "নবাবের কোনো ক্ষমতা নেই" ক্লাইভের এ উক্তিটির অন্তর্নিহিত তাৎপর্য হলো-
ব্যাখ্যা: (b); সভাষদবৃন্দ প্রতারক

51. 'খরপরশা' শব্দের অর্থ কি?
ব্যাখ্যা: (c); জেনে রাখো: কবিতায় নদীর স্রোতকে ধারালো বর্শার সাথে তুলনা করা হয়েছে।

52. কোন শব্দে 'এ' এর বিবৃত উচ্চারণ হয়েছে?
ব্যাখ্যা: (a); 'এ' এর বিবৃত উচ্চারণ ইংরেজি ক্যাট (cat), ব্যাট (bat) এবং এ (a)-এর মতো হয়।

53. 'পল্লিগ্রামের পুরুষদের সুখ্যাতিতে' - এ কথা কী অর্থে প্রযুক্ত হয়েছে?
ব্যাখ্যা: (b); জেনে রাখো: লেখক 'বিলাসী' গল্পে ব্যঙ্গ করে 'সুখ্যাতি' কথাটি ব্যবহার করেছেন।

54. 'অদিতি' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি?
ব্যাখ্যা: (d); নীর শব্দের সমার্থক শব্দ পানি, জল, বারি।

55. নিচের কোনটি নিপাতনে সিদ্ধ সন্ধি?
ব্যাখ্যা: (c); মার্তণ্ড শব্দের সন্ধি বিচ্ছেদ- মার্ত + অণ্ড।

56. তপোবন কোন সমাস?
ব্যাখ্যা: (d); পূর্বপদে চতুর্থী বিভক্তি লোপ পেয়ে যে সমাস হয় তাকে চতুর্থী তৎপুরুষ সমাস বলে। তপের নিমিত্তে বন = তপোবন।

57. 'এবার আমি পরীক্ষায় ভালো করেছি' কোন কালের উদাহরণ?
ব্যাখ্যা: (c); যে ক্রিয়ার কাজ অল্পক্ষণ আগে শেষ হয়েছে, অথচ এর ফল এখনও রয়েছে, তাই পুরাঘটিত বর্তমান কাল।

58. তার সঙ্গে প্রতিদিনই দেখা হয় দেখা হলেই তিনি জিজ্ঞেস করেন ভালো আছেন - উদ্ধৃতাংশে কতটি যতি চিহ্ন আছে?
ব্যাখ্যা: (b); তার সঙ্গে প্রতিদিনই দেখা হয়। দেখা হলেই তিনি জিজ্ঞাস করেন, "ভালো আছেন?"

59. 'আলাহিদা > আলাদা' কিসের উদাহরণ?
ব্যাখ্যা: (d); পদের মধ্যে কোনো ব্যঞ্জনধ্বনি লোপ পেলে তাকে বলে অন্তর্হতি। যেমন: ফাল্গুন > ফাগুন, ফলাহার > ফলার, আলাহিদা > আলাদা ইত্যাদি।

60. নিচের কোন বিপরীতার্থক শব্দজোড়া অশুদ্ধ?
ব্যাখ্যা: (a); সঠিক: শুষ্ক- ভেজা/সিক্ত।

Written অংশ

01. অনুচ্ছেদটি পড় এবং নিচের প্রশ্নগুলোর (ক-ঙ) উত্তর দাও। **10**

১৯৫২ সালে ঢাকায় গুলি হওয়ার পরে গ্রামে গ্রামে জনসাধারণ বুঝতে আরম্ভ করেছে যে, যারা শাসন করেছে তারা জনগনের আপনজন নয়। খবর নিয়ে জানতে পারলাম, একুশে ফেব্রুয়ারি গুলি হওয়ার খবর বাতাসের সাথে সাথে গ্রামে গ্রামে পৌছে গেছে এবং ছোট ছোট হাটবাজারে পর্যন্ত হরতাল হয়েছে। মানুষ বুঝতে আরম্ভ করেছে যে, বিশেষ একটা গোষ্ঠী (দল) বাঙালিদের মুখের ভাষা কেড়ে নিতে চায়। ভরসা হলো, আর দমাতে পারবে না। বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা না করে উপায় নাই। এই আন্দোলনে দেশের লোক সাড়া দিয়েছে ও এগিয়ে এসেছে। কোনো কোনো মাওলানা সাহেবরা ফতোয়া দিয়েছিলেন বাংলা ভাষার বিরুদ্ধে। তাঁরাও ভয় পেয়ে গেছেন। এখন আর প্রকাশ্যে বাংলা ভাষার বিরুদ্ধে কথা বলতে সাহস পাচ্ছেন না। জনমত সৃষ্টি হয়েছে, জনমতের বিরুদ্ধে যেতে শোষকরাও ভয় পায়। শাসকরা যখন শোষক হয় অথবা শোষকদের সাহায্য করতে আরম্ভ করে তখন দেশের ও জনগণের মঙ্গল হওয়ার চেয়ে অমঙ্গলই বেশি হয়।

(ক) ১৯৫২ সালে ঢাকায় গুলি হওয়ার বিষয়ে কি বোঝানো হয়েছে?
(খ) বিশেষ একটি দল বাঙালিদের মুখের ভাষা কেড়ে নিতে চায় কেন?
(গ) লেখক এদেশের মানুষের উপর ভরসা পেয়েছিল কেন?
(ঘ) "জনমতের বিরুদ্ধে যেতে শোষকরাও ভয় পান" কেন?
(ঙ) "কোনো কোনো মাওলানা সাহেবরা ফতোয়া দিয়েছিলেন বাংলা ভাষার বিরুদ্ধে"-এ কথা দ্বারা কী বোঝানো হয়েছে?

উত্তর: (ক) পাকিস্তান সৃষ্টির পর থেকেই নতুন এই দেশের রাষ্ট্রভাষা কি হবে তা নিয়ে মতানৈক্য সৃষ্টি হয়। পশ্চিম পাকিস্তানি শাসকগোষ্ঠী চেয়েছিলো পাকিস্তানের রাষ্ট্রভাষা হবে উর্দু। এই সিদ্ধান্তে পূর্ব পাকিস্তানের সাধারণ জনতা প্রতিবাদে রাস্তায় নেমেছিল। ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি পূর্ব ঘোষণা অনুযায়ী ছাত্ররা রাস্তায় প্রতিবাদ মিছিল বের করে। তখন তৎকালীন মুখ্যমন্ত্রী নুরুল আমিনের নির্দেশে পুলিশ বাহিনী মিছিলের উপর গুলি বর্ষণ করলে রফিক, শফিক, জব্বার সহ আরো অনেকে শহিদ হন। 'বায়ান্নর দিনগুলো' রচনার লেখক ১৯৫২ সালে ঢাকায় গুলি হওয়ার বিষয়ে এটাই বুঝিয়েছেন।

(খ) এখানে বিশেষ একটি দল বলতে পাকিস্তানি শাসকগোষ্ঠীকে বোঝানো হয়েছে। পাকিস্তান সৃষ্টির পর থেকেই পশ্চিম পাকিস্তানিরা সামাজিক, অর্থনৈতিক, রাজনৈতিক ও সংস্কৃতিগত দিক থেকে পূর্ব পাকিস্তানিদের নিপীড়ন করছিলো। কোন জাতির সংস্কৃতিকে যদি দুর্বল করে দেওয়া যায় তাহলে সে জাতিকে সব সময়ের জন্য পদানত করে রাখা যায়। সংস্কৃতির অন্যতম উপাদান ভাষা। কাজেই পাকিস্তান শাসকেরা শুরুতেই বাংলা ভাষার উপর আক্রমণ চালায়।

(গ) ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি বাংলা ভাষাকে অন্যতম রাষ্ট্রভাষা করার দাবিতে মিছিলের উপর গুলি বর্ষণ করা হয়। এতে জব্বার, রফিক, শফিক, বরকত সহ আরো অনেকে শহিদ হন। এই সংবাদ বিদ্যুৎ গতিতে সারা দেশে ছড়িয়ে পড়ে। এটা শুনে সমগ্র দেশের মানুষ রাস্তায় নেমে এসে প্রতিবাদ জানায়। ছোট ছোট জাহাজঘাট, রেল স্টেশন এবং মোড়ে মোড়ে হরতাল পালিত হয়। জাতীয়তাবোধে উজ্জীবিত বাঙালি জাতির এই স্বতঃস্ফূর্ত আন্দোলন দেখে লেখক এদেশের মানুষের প্রতি ভরসা রাখেন।

(ঘ) বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা হিসেবে প্রতিষ্ঠার পক্ষে এ দেশে বিশাল জনমত গড়ে ওঠে, দেশজুড়ে ঐক্যবদ্ধ আন্দোলন শুরু হয় এবং দেশবাসী বিক্ষুব্ধ হয়ে ওঠে। বিশেষ করে পুলিশের গুলিতে কয়েকজন শহিদ হওয়ার পর আন্দোলনের তীব্রতা আরও বেড়ে যায়। তখন ভাষা আন্দোলন আরও বেগবান হয়ে ওঠে। এক পর্যায়ে শোষকগোষ্ঠী রাষ্ট্রভাষা না করে তাদের আর উপায় থাকবে না জেনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এসব কথা বলেন।

(ঙ) পাকিস্তানি শাসকগোষ্ঠী ১৯৪৭ সাল থেকেই বাংলা ভাষা, সংস্কৃতি ও সাহিত্যের বিরুদ্ধে কথা বলেছে, তার সাথে যোগ দিয়েছিল এদেশীয় দোসররা যারা ভেবেছিলেন পাকিস্তানিদের সাথে হাত মেলালে তারা সুবিধাভোগ করতে পারবেন। এজন্য তারা ধর্মের দোহাই দিতেন। যেহেতু পাকিস্তান মুসলিমসংখ্যা গরিষ্ঠ দেশ, তাই বাংলা নয় বরং উর্দুকেই তারা প্রাধান্য দিতেন। মানুষ ধর্মীয় নির্দেশ পালনে সচেতন থাকে বলে ধর্মকে অজুহাত বানিয়ে অনেক মাওলানা নিজের আখের গোছাতে বাংলা ভাষা, সংস্কৃতি, সাহিত্যের ওপর ফতোয়া বা নিষেধাজ্ঞা দেন, তবে বাংলাকে রাষ্ট্রভাষা করার দাবিতে ২১শে ফেব্রুয়ারির আন্দোলনের এসব নিষেধাজ্ঞা আর কেউ মানেনি এবং বাঙালি তাদের ভাষার অধিকার নিয়ে সচেতন হয়।

02. ভাব-সম্প্রাসরণ লিখ: **10**
"জ্ঞান যেখানে সীমাবদ্ধ, বুদ্ধি সেখানে আড়ষ্ঠ, মুক্তি সেখানে অসম্ভব"।

উত্তর: অন্যান্য প্রাণীর সাথে মানুষের প্রধান পার্থক্য কেবল চিন্তা ও বুদ্ধিতে। আদিকাল থেকে মানুষ তার চিন্তাশক্তি ও বুদ্ধিবৃত্তিকে কাজে লাগিয়ে নানা প্রতিকূল পরিবেশ থেকে নিজেকে রক্ষা করে এসেছে। জ্ঞানচর্চার মাধ্যমে মানুষ বর্তমানে সভ্য জাতিতে পরিণত হয়েছে। নিজ বুদ্ধির মাধ্যমে মানুষ নানা যন্ত্রপাতি আবিষ্কারে সক্ষম হয়েছে। এত দৈনন্দিন জীবনযাত্রা হয়েছে সহজ। যে মানুষ জ্ঞানচর্চা করে না, সমাজের নানা সংস্কার, সংকীর্ণতা ও সীমাবদ্ধতা এসে তাকে আঁকড়ে ধরে। তার জীবনে কোনো উন্নতিই হয় না। মানুষ হয়েও সে ভারবাহী জীব সদৃশ জীবনযাপন করে। জ্ঞানহীন মানুষের কোনো মূল্য নেই। জ্ঞানচর্চা না করলে মানুষের বিবেকবুদ্ধি জাগ্রত হতে পারে না। ফলে সে ঠিক বেঠিক, ন্যায় অন্যায় অনুধাবন করতে পারে না। এরকম মানুষের দ্বারা যেকোনো অন্যায় কাজ করা স্বাভাবিক। একমাত্র জ্ঞানই মানুষেকে প্রকৃত মুক্তি দিতে পারে। যে ব্যক্তি জ্ঞানতাপস সে তার বুদ্ধির পূর্ণ বিকাশ ঘটাতে পারে। তার নিজের দায়িত্ব ও কর্তব্যগুলো সম্পর্কে ধারণা লাভ করতে পারে। সে তার বুদ্ধি-বৃত্তির মাধ্যমে নিজের এবং আশপাশের মানুষের উন্নয়ন ঘটাতে পারে। জ্ঞানচর্চার গুরুত্ব ব্যক্তিজীবনে যেমন প্রয়োজন, তেমনি জাতীয় জীবনেও অত্যাবশ্যকীয়। জ্ঞানচর্চা একটি দেশ ও জাতিকে স্বয়ংসম্পূর্ণ হতে সাহায্য করে। সমাজ থেকে অন্যায়-অবিচার, কুসংস্কার মুছে দিয়ে ন্যায় ও সত্য প্রতিষ্ঠায় ভূমিকা পালন করে। মুক্তবুদ্ধি চর্চা একটি দেশ ও জাতিকে পৃথিবীর বুকে মাথা উঁচু করে দাঁড়ানোর মতো ক্ষমতা দেয়। যে জাতির বুদ্ধির বিকাশ ঘটে না সে জাতি অন্ধকারে পড়ে থাকে। নানা অন্যায়, অবহেলা, কুসংস্কার তাদের ঘিরে ধরে। জ্ঞানহীন জাতির কোনো উন্নয়ন সম্ভব হয় না।

শিক্ষা: জ্ঞানের আলো মুক্তির পথ দেখায়। তাই অন্যায়-অবিচার, দুঃখ-দারিদ্র্য থেকে মুক্তির জন্য মানুষের জ্ঞানচর্চা করা উচিত।

03. নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ করো। **05**

Trees are our friend. It helps us in different ways. It gives us shade, food, fuel, medicine and oxygen. Trees make our environment beautiful. Trees are our valuable wealth. It is very much necessary to make afforestation programme successful.

উত্তর: গাছপালা আমাদের বন্ধু। এরা বিভিন্নভাবে আমাদের সাহায্য করে। এরা আমাদের ছায়া দেয়, খাদ্য জোগায়, জ্বালানি, ওষুধ ও অক্সিজেন দান করে। গাছপালা আমাদের পরিবেশকে সুন্দর করে। গাছপালা আমাদের মূল্যবান সম্পদ। তাই বনায়ন কর্মসূচি বাস্তবায়ন অত্যন্ত জরুরি।

04. বিশ্বায়ন নিয়ে একটি অনুচ্ছেদ লেখ। **05**

উত্তর: আন্তর্জাতিক সম্পর্ক ও রাজনীতির ক্ষেত্রে বিশ্বায়ন বর্তমানে সবচেয়ে আলোচিত বিষয়। বিশ্বায়ন মূলত পারস্পরিক ক্রিয়া ও আন্তঃসংযোগ সৃষ্টিকারী একটি পদ্ধতি । বিভিন্ন জাতির সরকার, প্রতিষ্ঠান ও জনগণের মাঝে এটি সমন্বয় সাধন ও মিথষ্ক্রিয়ার সূচনা করে। এই পদ্ধতির চালিকাশক্তি হচ্ছে তথ্য প্রযুক্তি। পরিবেশ, সংস্কৃতি, রাজনৈতিক পদ্ধতি, অর্থনৈতিক উন্নয়ন ও প্রগতি এবং মানবিক ও সামাজিক অগ্রগতি; সবকিছুর ওপরই এর সুস্পষ্ট প্রভাব লক্ষ করা যায়। জাতীয় অর্থনৈতিক কাঠামোকে ব্যাখ্যা করার ক্ষেত্রে 'বিশ্বায়ন' শব্দটি অধিকতর ব্যবহার হয়ে থাকে। অনেকে এ প্রক্রিয়াকে নতুন হিসেবে উল্লেখ করে একে প্রথম বিশ্বযুদ্ধের সাথে সম্পর্কিত করে থাকেন। প্রকৃতপক্ষে বহু পূর্ব থেকেই এ প্রক্রিয়াটি বিশ্ব জুড়ে চলমান রয়েছে। সভ্যতার ক্রমবিকাশের ধারার মধ্যেই এর উৎস নিহিত ছিল। সপ্তদশ শতাব্দীতে ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানির উদ্ভবের ফলে এর ক্ষেত্র অধিকতর প্রসারিত হয়। গত পঞ্চাশ বছরে এ প্রক্রিয়া সবচেয়ে বেশি গতি লাভ করেছে। বিশ্বায়নের ফলে বৈশ্বিক ব্যবসা-বাণিজ্যসহ সকলক্ষেত্রে অভূতপূর্ব বিপ্লব সাধিত হয়েছে। এক দেশের পণ্য অন্য দেশে বসে সহজেই আমরা পেয়ে যাচ্ছি। প্রতিযোগিতামূলক বাজার ব্যবস্থার কারণে পণ্যের দামও থাকছে হাতের নাগালে। তথ্য প্রযুক্তির অবাধ প্রবাহের ফলে জ্ঞানার্জনের পথ হয়েছে প্রশস্ত। দারিদ্র্য, অজ্ঞানতা ও অপশাসন দূর করে বিশ্বকে একটি শান্তিপূর্ণ আবাসস্থল করার ক্ষেত্রে বিশ্বায়ন একটি বড় সুযোগ। এ প্রক্রিয়ার মাধ্যমে বিশ্বের সব জাতি একযোগে এ সমস্যাগুলোর বিরুদ্ধে লড়াই করতে পারে। তবে ইতিবাচক দিকের পাশাপাশি বিশ্বায়নের কিছু নেতিবাচক দিকও আমাদের চোখে পড়ে। তুলনামূলকভাবে এগিয়ে থাকা দেশগুলো বিশ্বায়নকে নিজেদের অর্থনৈতিক, রাজনৈতিক ও সাংস্কৃতিক আগ্রাসনের হাতিয়ার হিসেবে ব্যবহার করছে। এর ফলে হাতে গোনা কিছু পুঁজিপতিরা লাভবান হচ্ছে। গরিব হচ্ছে আরও গরিব। তবে বিশ্বায়নের ভালো দিকগুলোর উপযোগিতা অনস্বীকার্য। আমাদের উচিত এই ইতিবাচক দিকগুলোর প্রতি মনোযোগী হয়ে অর্থনৈতিকভাবে এবং মেধা ও মননে সমৃদ্ধশালী জাতি গঠনে আত্মনিয়োগ করা।

05. সারমর্ম লিখ: **05**

আঠারো বছর বয়সে আঘাত আসে
অবিশ্রান্ত; একে একে হয় জড়ো,
এ বয়স কালো লক্ষ দীর্ঘশ্বাসে
এ বয়স কাঁপে বেদনায় থরোথরো।
তবু আঠারোর শুনেছি জয়ধ্বনি,
এ বয়স বাঁচে দুর্যোগে আর ঝড়ে,
বিপদের মুখের এ বয়স অগ্রণী
এ বয়স তবু নতুন কিছু তো করে।

উত্তর: আঠারো বছর বয়স মানজীবনের তাৎপর্যময় অধ্যায়। জীবনের অনাগত ভবিষ্যতের পথচলার সিদ্ধান্ত গ্রহণে এ সময় প্রভাব ফেলে। এ বয়স নানা প্রকার বাধা-বিপত্তি অতিক্রম করে এগিয়ে চলে। বিভিন্ন ঝড়-ঝঞ্ঝা ও হতাশা এ বয়সকে ঘিরে ধরলেও সবকিছু উপেক্ষা করে সে নতুন কিছু করার সিদ্ধান্ত নিয়ে সামনের দিকে এগিয়ে যায়।

06. সাধুরীতি থেকে চলিতরীতিতে রূপান্তর কর- **05**

"দিন কাটিয়া যায়। জীবন অতিবাহিত হয়। ঋতুচক্রে সময় পাক খায়, পদ্মার ভাঙন ধরা তীরে মাটি ধসিতে থাকে, পদ্মার বুকে জল ভেদ করিয়া জাগিয়া উঠে চর, অর্ধ শতাব্দীর বিস্তৃর্ণ চর পদ্মার জলে আবার বিলীন হইয়া যায়। জেলেপাড়ার ঘরে ঘরে শিশুর ক্রন্দন কোনদিন বন্ধ হয় না। ক্ষুধা-তৃষ্ণার দেবতা, হাসি কান্নার দেবতা, অন্ধকার আত্মার দেবতা, ইহাদের পূজা কোনদিন সাঙ্গ হয় না।

উত্তর: চলিতরীতি: দিন কেটে যায়। জীবন অতিবাহিত হয়। ঋতুচক্রে সময় পাক খায়, পদ্মার ভাঙন ধরা তীরে মাটি ধসতে থাকে, পদ্মার বুকে জল ভেদ করে জেগে ওঠে চর, অর্ধ শতাব্দীর বিস্তৃর্ণ চর পদ্মার জলে আবার বিলীন হয়ে যায়। জেলেপাড়ার ঘরে ঘরে শিশুর কান্না কোনদিন বন্ধ হয় না। ক্ষুধা-তৃষ্ণার দেবতা, হাসি কান্নার দেবতা, অন্ধকার আত্মার দেবতা, এদের পুজো কোনদিন শেষ হয় না।

ঢাবি 'খ' এক্সাম

পূর্ণমান: ১০০

সাবজেক্ট ফাইনাল বাংলা-০২ সল্যুশন

সময়: ১:৩০ মি.

MCQ অংশ

01. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতাটিতে কোন কোন সালের সাথে যোগসূত্র স্থাপন করা হয়েছে?

ব্যাখ্যা: (b); জেনে রাখো: ১৯৫২ সালের ঐতিহাসিক রাষ্ট্রভাষা আন্দোলনের ক্রমধারায় ছাত্র-অসন্তোষকে কেন্দ্র করে গড়ে ওঠা আন্দোলন ১৯৬৯ সালে যে গণঅভ্যুত্থানে রূপ নিয়েছিল শামসুর রাহমান তাঁর 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় সেই যোগ সূত্র তুলে ধরেছেন।

02. অনুপমের বাবা নিজের উপার্জিত টাকা ভোগ করতে পারেননি কেন?

ব্যাখ্যা: (d); কেবল উপার্জনে ব্যস্ত ছিলেন বলে

03. মিত্তি বংশের অভিভাবক হয়ে কে বিলাসীকে মারতে গিয়েছিলেন?

ব্যাখ্যা: (a); খুড়া

04. আমার পথ প্রবন্ধে লেখক নিজেকে কী হিসেবে অভিহিত করেছেন?

ব্যাখ্যা: (c); জেনে রাখো: কবি সকল অন্যায়ের বিরুদ্ধে অভিশাপ হয়ে আবির্ভূত হয়েছেন। তাই তিনি নিজেই বসেছেন রথচালক তথা সারথির আসনে।

05. কোন ঔপন্যাসিক যুবক বয়সে সন্ন্যাসী হয়ে গৃহত্যাগ করেছিলেন?

ব্যাখ্যা: (a); শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

06. 'বায়ান্নর দিনগুলো' রচনায় সুপারিনটেনডেন্টের নাম কি?

ব্যাখ্যা: (a); জেনে রাখো: বঙ্গবন্ধুর অবস্থানরত জেলের সুপারিনটেনডেন্ট ছিলেন আমীর হোসেন। বায়ান্নর দিনগুলোতে উদ্ধৃত হয়েছে এভাবে- "জেল কর্তৃপক্ষ বিশেষ করে সুপারিনটেনডেন্ট আমীর হোসেন সাহেব ও তখনকার দিনে রাজবন্দীদের ডেপুটি জেলার মোখলেসুর রহমান সাহেব আমাদের বুঝাতে অনেক চেষ্টা করেন।"

07. "মামার মুখ তখন অনর্গল ছুটিতেছিল"- অপরিচিতা রচনার এ উদ্ধৃতি প্রকাশ পেয়েছে অনুপমের মামার-

ব্যাখ্যা: (b); অন্তঃসারশূন্য অহংকার

08. 'খোয়াব নামা' কী ধরনের গ্রন্থ?

ব্যাখ্যা: (b); জেনে রাখো: খোয়াব নামা উপন্যাসটি কথাসাহিত্যিক আখতারুজ্জামান ইলিয়াসের।

09. আঠারো বছর বয়সে মানুষ আত্মপ্রত্যয়ী হয় কেন?

ব্যাখ্যা: (c); দুর্বিনীত যৌবনে পদার্পন করে বলে

10. "অগ্নিবীণা" কাব্যগ্রন্থে সংকলিত প্রথম কবিতা কোনটি?

ব্যাখ্যা: (a); জেনে রাখো: "অগ্নিবীণা" কাজী নজরুল ইসলামের প্রথম কাব্যগ্রন্থ এটি প্রকাশিত হয় ১৯২২ খ্রিষ্টাব্দে। এই গ্রন্থে মোট বারোটি কবিতা রয়েছে।

11. 'তাহারেই পড়ে মনে' কবিতায় কবি কোন ফুল ফোটার কথা জানতে চেয়েছেন?

ব্যাখ্যা: (a); জেনে রাখো: বসন্তে বাতাবি লেবুর ফুল ফোটে। কবি তাই বসন্ত এসেছে কিনা নিশ্চিত হওয়ার জন্য প্রশ্ন করেছেন।

12. রহিমা অতি সংগোপনে মাজারে গিয়ে কী আরজি জানায়?

ব্যাখ্যা: (d); জেনে রাখো: রহিমা নিঃসন্তান তাই সে গোপনে মাজারে গিয়ে সন্তানের জন্য আরজি জানায়।

13. ভাষার মূল উপাদান কী?

ব্যাখ্যা: (b); ধ্বনির সৃষ্টি হয় বাগ্‌যন্ত্রের ধারা।

14. 'ধাতুরূপ' ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?

ব্যাখ্যা: (b); রূপতত্ত্বে

15. মহাপ্রাণ ধ্বনি কোনটি?

ব্যাখ্যা: (c); যে ধ্বনি উচ্চারণে নিঃশ্বাস জোরে সংযোজিত হয় তাকে মহাপ্রাণ ধ্বনি বলে। 'থ' উচ্চারণে জোরে নিঃশ্বাস সংযোজিত হয় তাই এটি মহাপ্রাণ ধ্বনি।

16. 'রত্ন > রতন' কোন ধ্বনি পরিবর্তনের উদাহরণ?

ব্যাখ্যা: (a); সময় সময় উচ্চারণের সুবিধার জন্য সংযুক্ত ব্যঞ্জনধ্বনির মাঝখানে স্বরধ্বনির আগমন ঘটে। স্বরধ্বনির এরূপ স্বরাগমকে স্বরভক্তি বলে।

17. 'নিরাকার' কোন সন্ধির উদাহরণ?

ব্যাখ্যা: (c); নিঃ + আকার = নিরাকার। অ ও আ ভিন্ন অন্য স্বরের পরে বিসর্গ থাকলে এবং তার সঙ্গে অ, আ, বর্গীয় ঘোষ অল্পপ্রাণ ও ঘোষ মহাপ্রাণ নাসিক্য ধ্বনি কিংবা য, র, ল, ব, হ এর সন্ধি হলে বিসর্গ স্থানে 'র' হয়।

18. নিচের কোনটি শুদ্ধ শব্দ গুচ্ছ?

ব্যাখ্যা: (a); সমীচীন, হরীতকী, বাল্মীকি, অতীন্দ্রিয়

19. জ্ঞানি লোকেরা মনে করেন, তাদের ছেলেমেয়েরা অধ্যায়ন ছেরেছে বলেই তারা ব্যাথা, আকাঙ্খা, প্রতিযোগীতা, দারিদ্রতা ইত্যাদি বানান ভূল করে। বাক্যে কয়টি বানান ভুল?
ব্যাখ্যাঃ (d); বাক্যটির শুদ্ধরূপঃ জ্ঞানী লোকেরা মনে করেন, তাদের ছেলেমেয়ে অধ্যয়ন ছেড়েছে বলেই তারা ব্যথা, আকাঙ্ক্ষা, প্রতিযোগিতা, দরিদ্রতা ইত্যাদি বানান ভুল করে।

20. কোনটি তদ্ভব শব্দ?
ব্যাখ্যাঃ (a); যেসব শব্দ সংস্কৃত থেকে প্রাকৃততে এবং প্রাকৃত থেকে বাংলায় এসেছে সেগুলোকে তদ্ভব শব্দ বলে। যেমনঃ হাত, মাটি, দই, মাছ, আঁখি ইত্যাদি।

21. 'বিধবা' শব্দের পুংলিঙ্গ কী?
ব্যাখ্যাঃ (c); বিপত্নীক

22. কোনটি তারিখবাচক শব্দ?
ব্যাখ্যাঃ (a); বাংলা ভাষায় তারিখ নির্দেশ করার জন্য সংখ্যা শব্দের পূরণবাচকে নির্দিষ্ট কিছু প্রত্যয় ব্যবহৃত হয়। যেমনঃ পহেলা, দোসরা, চৌঠা সাতই ইত্যাদি।

23. বাংলা সাহিত্যের মধ্যযুগ যুগ কোনটি?
ব্যাখ্যাঃ (c); বাংলা সাহিত্য যুগকে তিনটি যুগে ভাগ করেছেন। যথাঃ প্রাচীন যুগ - ৬৫০ থেকে ১২০০ খ্রিষ্টাব্দ, মধ্যযুগ- ১২০১ থেকে ১৮০০ খ্রিষ্টাব্দ এবং আধুনিক যুগ ১৮০১ থেকে বর্তমান সময় পর্যন্ত। ১২০১ - ১৩৫০ খ্রি. হলো অন্ধকার যুগ।

24. "সারাটি বিকেল তার অপেক্ষায় বসে আছি"। এখানে 'টি' কোন অর্থে ব্যবহৃত হয়েছে?
ব্যাখ্যাঃ (d); নিরর্থকভাব

25. "সমাগত সুধীজনকে সাদর সম্ভাষণ ও অভিনন্দন জানানো হল"। - বাক্যটিতে উপসর্গের সংখ্যা কতটি?
ব্যাখ্যাঃ (c); সমাগত = সম্ + আ, সাদর = সা, সম্ভাষণ = সম্, অভিনন্দন = অভি, সুধীজন = সু।

26. 'নিম্' কোন ভাষার উপসর্গ?
ব্যাখ্যাঃ (b); ফারসি উপসর্গ ১০টি। ব, বে, বদ, বর, ফি, কম, নিম্, না, দর, কার।

27. সত্য বলে যে = সত্যবাদী- এটি কোন সমাসের অন্তর্গত?
ব্যাখ্যাঃ (a); জলে চরে যা = জলচর, জল দেয় যা = জলদ, পঙ্কে জন্মে যা = পঙ্কজ ইত্যাদি উপপদ তৎপুরুষ সমাস।

28. 'চৌহদ্দি' কোন কোন ভাষার শব্দ যোগে গঠিত হয়েছে?
ব্যাখ্যাঃ (c); যেসব শব্দ দেশি ও বিদেশি ভাষার সংমিশ্রণে কিংবা দুটি ভাষার দুটি শব্দের মিলনে গঠিত হয়, তাকে মিশ্র শব্দ বলে। যেমনঃ হাটবাজার (বাংলা + ফারসি) দুটি শব্দের সমন্বয়ে গঠিত হয়েছে। এরকম আরও কিছু শব্দ হলোঃ চৌহদ্দি (ফারসি + আরবি); রাজা-বাদশা (তৎসম + ফারসি) ইত্যাদি।

29. কাঁদ + অন = কাঁদন কোন প্রত্যয়?
ব্যাখ্যাঃ (a); ধাতু বা ক্রিয়ার সাথে যে প্রত্যয় যুক্ত হয় তাকে কৃৎ প্রত্যয় বলে।

30. 'ব্যাঙের সর্দি' বাগধারার অর্থ -
ব্যাখ্যাঃ (b); ব্যাঙের আধুলি - সামান্য সম্পদ; বাঘের দুধ - দুঃসাধ্য বস্তু।

31. "কথাটা শুনে বুকটা তার ঢিপঢিপ করছিলো।" বাক্যটিতে 'ঢিপঢিপ' কোন ধরনের অব্যয়?
ব্যাখ্যাঃ (d); অনুকার অব্যয়

32. "তুমি অধম বলিয়া আমি উত্তম হইব না কেন?" বাক্যটি কোন ধরনের?
ব্যাখ্যাঃ (a); যে বাক্যে একটি কর্তা ও একটি সমাপিকা ক্রিয়া থাকে তাই সরল বাক্য।

33. কোনটি বর্তমান কালের অনুজ্ঞার উদাহরণ?
ব্যাখ্যাঃ (d); কড়া রোদে ঘোরাফেরা করোনা।

34. 'আমার বই পড়া হয়েছে' বাক্যটির কর্তৃবাচ্য রূপ হচ্ছে -
ব্যাখ্যাঃ (d); কর্তৃবাচ্যের বাক্যে কর্তার প্রাধান্য থাকে এবং ক্রিয়াপদ কর্তা অনুযায়ী হয়।

35. 'যে গাছ অন্য গাছকে আশ্রয় করে বাঁচে'- এক কথায় প্রকাশ কোনটি?
ব্যাখ্যাঃ (a); যে গাছ কোন কাজে লাগে না – আগাছা;
যে গাছে ফুল ধরে, কিন্তু ফল ধরে না – বনস্পতি;
ফল পাকলে যে গাছ মরে যায় – ওষধি।

36. বাংলা ভাষায় ব্যবহৃত মৌলিক স্বরধ্বনি কয়টি?
ব্যাখ্যাঃ (b); বাংলা ভাষায় মৌলিক স্বরধ্বনির সংখ্যা সাতটি। যথাঃ অ, আ, ই, উ, এ, ও, অ্যা।

37. 'সোনার পাথর বাটি' বাগধারাটির অর্থ কোনটি?
ব্যাখ্যাঃ (b); অবিশ্বাস্য

38. 'সূর্য' এর সমার্থক শব্দ কোনটি?
ব্যাখ্যাঃ (b); সূর্য শব্দের আরো কয়েকটি সমার্থক শব্দ- রবি, তপন, সবিতা, আদিত্য, বিভাকর, অংশুমান ইত্যাদি। কনক- স্বর্ণ, নিগ্রহ-নিপীড়ন, বিভাবরী- রাত্রী।

39. সমধাতুজ কর্মের উদাহরণ-
ব্যাখ্যাঃ (c); খুব এক ঘুম ঘুমিয়েছি

40. 'ক্ষ্ম' -এর বিশ্লিষ্ট রূপ -
ব্যাখ্যাঃ (c); 'ক্ষ্ম' যুক্তবর্ণের বিশ্লিষ্ট রূপ - ক্ + ষ্ + ম। বাংলা ভাষায় গুরুত্বপূর্ণ কয়েকটি যুক্তবর্ণ হলো - জ্ঞ = জ্ + ঞ, ষ্ণ = ষ্ + ণ, ঞ্জ = ঞ্ + জ, হ্ন = হ্ + ন, হ্ণ = হ্ + ণ, ক্ষ = ক্ + ষ।

41. "Monitoring" শব্দটির বাংলা পরিভাষা হচ্ছে -
ব্যাখ্যাঃ (d); Visitors- পরিদর্শন; Revision- পর্যালোচনা।

42. 'বিস্মিত' শব্দের শুদ্ধ উচ্চারণ কোনটি?
ব্যাখ্যাঃ (c); বিশ্শিতো

43. 'Killing two birds with one stone'-এই ইংরেজি প্রবচনের বাংলা প্রবচন কোনটি?
ব্যাখ্যা: (c); রথ দেখা ও কলা বেচা

44. "বর্ষার রৌদ্র প্লাবনের সৃষ্টি করে"। বাক্যটিতে কোন গুণের অভাব রয়েছে?
ব্যাখ্যা: (a); যোগ্যতাসম্পন্ন বাক্য- বর্ষার বৃষ্টিতে প্লাবনের সৃষ্টি হয়।

45. নিচের কোনটি রবীন্দ্রনাথ ঠাকুর রচিত নাটক নয়?
ব্যাখ্যা: (a); জেনে রাখো: বসন্তকুমারী নাটকের রচয়িতা মীর মশাররফ হোসেন।

46. নারায়ণগঞ্জ থেকে কয়টার সময় জাহাজ ছাড়বে?
ব্যাখ্যা: (d); ১ টার

47. 'সোনার তরী' কবিতায় রূপক অর্থে কোন দিকটি তুলে ধরা হয়েছে?
ব্যাখ্যা: (c); মানুষের কর্মফল চেতনা

48. 'সিরাজউদ্দৌলা' নাটকটির বিষয় অনুসারে কোন প্রকৃতির নাটক?
ব্যাখ্যা: (b); ঐতিহাসিক

49. ১৯৫২ সালের ভাষা আন্দোলনে ছাত্রজনতার ওপর গুলিবর্ষণের জন্য দায়ী ছিলেন কে?
ব্যাখ্যা: (d); নূরুল আমিন

50. "থার্টি লাকস অব রুপিস ইজ নো জোক'- উক্তিটি কার?
ব্যাখ্যা: (a); জেনে রাখো: উমিচাঁদ ইংরেজদের কাছে নতুন করে ত্রিশ লক্ষ টাকা চাইলে ক্লাইভ উক্তিটি করেন।

51. 'মকরমুখো' অর্থ-
ব্যাখ্যা: (b); কুমিরের মুখ সদৃশ

52. নিচের কোনটিতে 'অ' এর সংবৃত উচ্চারণ হয়েছে?
ব্যাখ্যা: (c); সংবৃত উচ্চারণে চোয়ালে ফাঁক কম ও ঠোঁট গোলাকৃত হয়ে 'ও' এর মত উচ্চারিত হয়।

53. মানবকল্যাণের লক্ষ্য কী?
ব্যাখ্যা: (a); মর্যাদাপূর্ণ অবস্থায় মানুষের উত্তরণ ঘটানো

54. পদ্ম ও পুষ্প এর সমার্থক শব্দ কোনগুলো?
ব্যাখ্যা: (a); জেনে রাখো: পদ্ম শব্দের আরো কিছু সমার্থক শব্দ- নলিনী, কমল, উৎপল, অরবিন্দু, কোকনদ ইন্দিবর। আর পুষ্প শব্দের সমার্থক শব্দ পসূন, কুসুম মুঞ্জরি, ফুল, সুমন।

55. শৈশব এর প্রকৃতি ও প্রত্যয় কোনটি?
ব্যাখ্যা: (c); ভাব অর্থে 'ষ্ণ' প্রত্যয় যুক্ত হয়েছে।

56. সংবাদপত্র কোন সমাস?
ব্যাখ্যা: (a); যে কর্মধারয় সমাসে ব্যাসবাক্যে মধ্যপদের লোপ হয়, তাকে মধ্যপদলোপী কর্মধারয় সমাস বলে। যেমন: সিংহ চিহ্নিত আসন = সিংহাসন, সাহিত্য বিষয়ক সভা = সাহিত্যসভা ইত্যাদি। প্রশ্নে প্রদত্ত 'সংবাদপত্র' (সংবাদ যুক্ত পত্র = সংবাদপত্র) মধ্যপদলোপী কর্মধারয় সমাস।

57. 'সে পুরস্কার পেয়েছে' কোন কালের উদাহরণ?
ব্যাখ্যা: (d); যে ক্রিয়ার কাজ অল্পক্ষণ আগে শেষ হয়েছে, অথচ এর ফল এখনও রয়েছে, তাই পুরাঘটিত বর্তমান কাল।

58. উদাহরণ বা দৃষ্টান্ত বুঝাতে কোন বিরাম চিহ্ন ব্যবহৃত হয়?
ব্যাখ্যা: (d); কোলন ড্যাস

59. ধ্বনি বিপর্যয়ের উদাহরণ কোনটি?
ব্যাখ্যা: (b); শব্দের মধ্যে দুটি ব্যঞ্জনের পরস্পর পরিবর্তন ঘটলে তাকে ধ্বনি বিপর্যয় বলে।

60. বিপরীত শব্দযুগল নয় কোনটি?
ব্যাখ্যা: (b); জেনে রাখো: উত্তম এর বিপরীত শব্দ হীন।

Written অংশ

01. অনুচ্ছেদটি পড় এবং নিচের প্রশ্নগুলোর (ক-ঙ) উত্তর দাও। 10

২২ তারিখে সারা দিন ফরিদপুরে শোভাযাত্রা চলল। কয়েকজন ছাত্র-ছাত্রী এক জায়গায় হলেই স্লোগান দেয়। ছোট্ট ছোট্ট ছেলেমেয়েরা রাস্তায় বেড়ায় আর স্লোগান দেয়। ২২ তারিখে খবরের কাগজ এল, কিছু কিছু খবর পেলাম। মুসলিম লীগ সরকার কত বড় অপরিণামদর্শিতার কাজ করল। মাতৃভাষা আন্দোলনে পৃথিবীতে এই প্রথম বাঙালিরাই রক্ত দিল। দুনিয়ার কোথাও ভাষা আন্দোলন করার জন্য গুলি করে হত্যা করা হয় নাই। জনাব নুরুল আমিন বুঝতে পারলেন না, আমলাতন্ত্র তাঁকে কোথায় নিয়ে গেল। গুলি হলো মেডিকেল কলেজ হোস্টেলের এরিয়ার ভেতরে, রাস্তায়ও নয়। ১৪৪ ধারা ভঙ্গ করলেও গুলি না করে গ্রেফতার করলেই তো চলত। আমি ভাবলাম, দেখব কি না জানি না, তবে রক্ত যখন আমাদের ছেলেরা দিয়েছে তখন বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা না করে আর উপায় নাই। মানুষের যখন পতন আসে তখন পদে পদে ভুল হতে থাকে।

(ক) ২২ তারিখে ফরিদপুরে শোভাযাত্রা হলো কেন?
(খ) "দুনিয়ার কোথাও ভাষা আন্দোলন করার জন্য গুলি করে হত্যা করা হয় নাই' বুঝিয়ে লিখ?
(গ) "মুসলিম লীগ সরকার কত বড় অপরিণামদর্শিতার কাজ করলো" উক্তিটি ব্যাখ্যা করো?
(ঘ) "মানুষের যখন পতন আসে তখন পদে পদে ভুল হতে থাকে" বুঝিয়ে লিখ?
(ঙ) "গুলি হল মেডিকেল কলেজ হোস্টেল এরিয়ার ভেতর, রাস্তায়ও নয়।" এই কথা বলার কারণ কী?

উত্তরঃ (ক) ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি ভাষা আন্দোলনের দাবিতে মিছিলের উপর পুলিশ গুলি চালায়। ফলে রফিক, শফিক, জব্বার সহ আরো অনেক শহিদ হন। এ সংবাদ শুনে সারা দেশের মানুষ প্রতিবাদে ফেটে পড়ে। ভাষা আন্দোলনের এ ঢেউ দেশের প্রত্যন্ত অঞ্চলেও ছড়িয়ে যায়। এরই ধারাবাহিকতায় এই আন্দোলনের ঝড় ফরিদপুরেও বয়ে যায়। ২১ শে ফেব্রুয়ারিতে পুলিশি গুলির প্রতিবাদে ফরিদপুরে শোভাযাত্রা হয়।

(খ) উক্তিটি দ্বারা মাতৃভাষার জন্য বাঙালি জাতির রক্তদানের বিষয়টিকে বোঝানো হয়েছে। পৃথিবীর বিভিন্ন আন্দোলন সংগ্রামের ইতিহাস পর্যালোচনা করে দেখা যায়, মাতৃভাষায় কথা বলার অধিকারের জন্য কোন জাতিকে রক্ত দিতে হয় নি। বাঙালিরাই প্রথম সেই কাজটি করে। পাকিস্তানি শাসকগোষ্ঠী এদেশের মানুষের মাতৃভাষা বাংলাকে কেড়ে নেওয়ার জঘন্য ষড়যন্ত্রের বিরুদ্ধে ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি ১৪৪ ধারা ভঙ্গ করে ছাত্র-জনতা রাজপথে মিছিল বের করেন। শাসকগোষ্ঠীর হুকুমে পুলিশ সেই মিছিলে গুলি বর্ষণ করে অনেককেই হত্যা করে এ কথা শুনে ফরিদপুরে জেলখানায় বসে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এ কথা বলেন।

(গ) ১৯৫২ সালের ভাষা আন্দোলনে ছাত্র-জনতার উপর গুলিবর্ষণের বিষয়টিকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মুসলিম লীগ সরকারের অপরিণামদর্শিতার হিসেবে উল্লেখ করেছেন।

মুসলিম লীগ সরকারের মুখ্যমন্ত্রী নুরুল আমিন বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা করার দাবিকে রুখতে ১৯৫২ সালের ২১ শে ফেব্রুয়ারি ছাত্র-জনতার উপর গুলি চালানোর নির্দেশ দেন। এতে অনেকে প্রাণ হারান। বঙ্গবন্ধু ফরিদপুর জেলে বসেই এ খবর পান। এর পরিণাম যে ভালো হবে না তা অনুধাবন করেই তিনি প্রশ্নোক্ত কথাটি বলেছিলেন।

(ঘ) পাকিস্তান সরকার ভাষা আন্দোলনকারীদের গ্রেফতার করার পরিবর্তে গুলি করে হত্যার অপকৌশল গ্রহণ করলে লেখক প্রশ্নোক্ত কথাটি বলেছিলেন। ১৯৫২ সালে বাংলাকে রাষ্ট্রভাষা করার দাবিতে রাজপথে নামে এদেশের ছাত্র-জনতা। ২১ শে ফেব্রুয়ারি ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় ১৪৪ ধারা ভঙ্গ করে আন্দোলনকারীরা প্রতিবাদ-মিছিল বের করে। পাকিস্তানি শাসকগোষ্ঠী আন্দোলনকারীদের গ্রেপ্তার করার পরিবর্তে তাদের ওপর নির্বিচারে গুলি চালায়। বাঙালির অধিকার আদায়ের সংগ্রামকে প্রতিহত করতে এমন ঘৃণ্য অপকৌশল গ্রহণ করলে শাসকগোষ্ঠীর প্রতি এদেশের মানুষের ঘৃণা বাড়তে থাকে। এরকম প্রেক্ষাপটে 'বায়ান্নর দিনগুলো' রচনার লেখক শেখ মুজিবুর রহমান মনে করেন, পাকিস্তান সরকারের এ ধরনের অপকৌশলই তাদের পতন ত্বরান্বিত করবে।

(ঙ) জেলে বসে ২১ ফেব্রুয়ারির সমস্ত ঘটনা পর্যবেক্ষণ করে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এই মন্তব্য করেন। ছাত্র-জনতা যাতে সংগঠিত হতে না পারে তার জন্য ১৪৪ ধারা জারি করা হয়েছিল। তাই এই ধারা ভঙ্গকারীদের গুলি করে হত্যা করা হয়েছে। তবে কোনো শিক্ষাপ্রতিষ্ঠানের হোস্টেল এরিয়ার ভেতরে গুলি চালানো অবিচার ও অরাজকতা নির্দেশ করে। এইভাবে গুলি চালানোকে লেখক অমানবিক অন্যায় বলে বিবেচনা করেছেন যার ফলে তিনি বলেন যে রাস্তাতে গুলি চালানো হয়নি বরং গুলি চলেছে মেডিকেল কলেজ হোস্টেল এরিয়াতে যা তৎকালীন শাসক সমাজের অনৈতিকতাকেই নির্দেশ করে।

02. ভাব-সম্প্রসারণ লিখঃ 10

পরের অনিষ্ট চিন্তা করে যেই জন।
নিজের অনিষ্ট বীজ করে সে বপন।

উত্তরঃ অন্যের ক্ষতিসাধন করতে গিয়ে অনেক সময় মানুষ নিজের সর্বনাশ ডেকে আনে। তাই জেনে শুনে অন্যের ক্ষতি করার চেষ্টা করা উচিত নয়। একে অপরের উপর নির্ভরশীল হয়ে যে সমাজ গড়ে উঠেছে, সেখানে কল্যাণ চিন্তাই প্রধান। যে মানুষ সর্বদা অন্যের উপকারের কথা ভাবে, সে সমাজে সম্মানিত হয়। অপরদিকে, যে ব্যক্তি সর্বদা অন্যের ক্ষতির চিন্তা করে, সে সবসময় হীনম্মন্যতায় ভোগে। অন্যের অনিষ্ট করার চিন্তা করতে করতে তার মন ছোট হয়ে যায়। মানুষ হিসেবে সে হয়ে পড়ে ক্ষুদ্র, নিকৃষ্ট। খারাপ চিন্তার কারণে তার চিত্তে শান্তি থাকে না, শুদ্ধি আসে না। ফলে সে কর্মক্ষেত্রেও উন্নতি করতে পারে না। পার্থিব কর্মের ফল মানুষ কোনো না কোনোভাবেই পৃথিবীতে পেয়ে যায়। তাই এ ধরনের ব্যক্তিকে নিজ জীবনেই ক্ষতির সম্মুখীন হতে হয়। বিশ্বের মহৎ ব্যক্তিরা সবসময় অপরের কল্যাণ চিন্তা করেছেন। পরার্থে জীবন' এই মহান বাক্যে তারা সর্বদা ছিলেন নিবেদিত। কথায় বলে, ফুল আপনার জন্য ফোটে না। অন্যের জীবন সুন্দর এবং সুবাসিত করার জন্যই ফুল ফোটে। অপরের উপকার সাধন করার মধ্যেই রয়েছে জীবনের সার্থকতা। তাই অপরের অনিষ্ট চিন্তা করা উচিত নয়। অপরের ক্ষতি করার চিন্তার মধ্যেই রয়েছে নিজের অপরিণামদর্শী ক্ষতির আশঙ্কা।

03. **নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ করো।** 05

Bangladesh declared independence on 26 March, 1971. It became free from Pakistan on 16 December, 1971 after a great liberation war. It is a democratic country with many kinds of people. Bangladesh is also a beautiful country with many resources. It has rich deposit of oil, gas and coal. It can utilize these resources and become prosperous.

উত্তর: ১৯৭১ সালের ২৬ মার্চ বাংলাদেশ স্বাধীনতা ঘোষণা করে। এক মহান মুক্তিযুদ্ধের মাধ্যমে এটি ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর পাকিস্তান থেকে মুক্ত হয়। এটি বিভিন্ন ধরনের লোকের একটি গণতান্ত্রিক দেশ। এছাড়াও বাংলাদেশ প্রচুর সম্পদে সমৃদ্ধ একটি সুন্দর দেশ। এর তেল, গ্যাস ও কয়লার বিশাল মজুদ রয়েছে। এটি তার এ সম্পদের সদ্ব্যবহার করতে পারে এবং সমৃদ্ধশালী হতে পারে।

04. টেলিমেডিসিন নিয়ে একটি অনুচ্ছেদ লেখ। 05

ব্যাখ্যা: তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সাহায্যে কোনো ভৌগোলিক দূরত্বে অবস্থানরত রোগীকে বিশেষজ্ঞ রোগ নির্ণয় কেন্দ্র বিশেষায়িত নেটওয়ার্ক ইত্যাদির সমন্বয়ে স্বাস্থ্য সেবা দেওয়া হলো টেলিমেডিসিন। টেলিমেডিসিন এক ধরনের চিকিৎসা সেবা যা টেলিফোন বা মোবাইলের মাধ্যমে দূর থেকে রোগীরা বিশেষজ্ঞ ডাক্তারের নিকট হতে অতিদ্রুত চিকিৎসা সেবা গ্রহণ করতে পারে। বর্তমানে ঘরে বসেই টেলিকনফারেন্স বা ভিডিও কনফারেন্স বা অনলাইনের মাধ্যমে দেশি-বিদেশি বিশেষজ্ঞ চিকিৎসকের পরামর্শ গ্রহণ করা যায়, একে টেলিমেডিসিন বলে। এছাড়া, ইন্টারনেট ও ভিডিও কনফারেন্সিং ব্যবহার করে এক দেশের চিকিৎসক অন্য দেশের চিকিৎসকের সাথে সহজেই অনলাইন যোগাযোগ স্থাপন করে চিকিৎসা সেবা গ্রহণ করা এবং চিকিৎসা বিজ্ঞানের সাম্প্রতিক উন্নতি ও অগ্রগতি সম্পর্কে অবহিত হওয়া যায়। টেলিমেডিসিন যেহেতু চিকিৎসা সংক্রান্ত পরামর্শ প্রদান করে তাই এটি অবশ্যই একটি সেবা।

05. সারমর্ম লিখ: 05

আসিতেছে শুভদিন,
দিনে দিনে বহু বাড়িয়াছে দেনা, শুধিতে হইবে ঋণ!
হাতুড়ি শাবল গাঁইতি চালায়ে ভাঙিল যারা পাহাড়,
পাহাড়-কাটা সে পথের দু'পাশে পড়িয়া যাদের হাড়,
তোমারে সেবিতে হইল যাহারা মজুর, মুটে ও কুলি,
তোমারে বহিতে যারা পবিত্র অঙ্গে লাগাল ধুলি।
তারাই মানুষ, তারাই দেবতা, গাহি তাহাদেরি গান,
তাদের ব্যথিত বক্ষে পা ফেলে আসে নব উত্থান।

উত্তর: সভ্যতার ক্রমবিকাশে শ্রমজীবী মানুষের অবদানই সবচেয়ে বেশি। আমাদের সুখ ও সমৃদ্ধি এদেরই অক্লান্ত পরিশ্রমের ফসল। প্রকৃতপক্ষে তারাই মানবরূপী দেবতা। সুতরায় অবজ্ঞার চোখে না দেখে তাদের জয়গান করা উচিত।

06. **চলিত রীতির গদ্যাংশটি শুদ্ধ করে লিখ:** 05

এক স্বাধীন বাংলা থেকে আর এক স্বাধীন বাংলায় আমরা আসতে বহু দুর্যোগের পথ পাড়ি দিয়াছি; বহু লাঞ্ছনা বহু পীড়নের গ্লানি আমরা সহ্য করিয়াছি। দুই স্বাধীন বাংলার ভেতরে আমাদের সম্পর্ক তাই অত্যান্ত গভীর। আজ এই নতুন দিনের প্রান্তে দাড়িয়ে বিস্তৃত অতীতের পানে দৃষ্টি ফেরালে বাংলার শেষ সূর্যলোকিত দিনের সীমান্ত রেখায় আমরা দেখতে পাই নবাব সিরাজউদ্দৌলাকে।

উত্তর: এক স্বাধীন বাংলা থেকে আর এক স্বাধীন বাংলায় আসতে বহু দুর্যোগের পথ আমরা পাড়ি দিয়েছি; বহু লাঞ্ছনা বহু পীড়নের গ্লানি আমরা সহ্য করেছি। দুই স্বাধীন বাংলার ভেতরে আমাদের সম্পর্ক তাই অত্যন্ত গভীর। আজ এই নতুন দিনের প্রান্তে দাঁড়িয়ে বিস্মৃত অতীতের পানে দৃষ্টি ফেরালে বাংলার শেষ সূর্যালোকিত দিনের সীমান্ত রেখায় আমরা দেখতে পাই নবাব সিরাজউদ্দৌলাকে।

ঢাবি 'খ' এক্সাম

পূর্ণমান: ১০০

সাবজেক্ট ফাইনাল ইংরেজি-০১ সল্যুশন

সময়: ১:৩০ মি.

MCQ অংশ

Read the following passage and answer question number (01-03)

Paper, an essential material in our daily lives, traces its origins back to ancient China. Cai Lun, a Chinese court official during the Eastern Han Dynasty around 105 AD, is credited with the invention of paper. He combined mulberry bark, hemp fibers, and rags with water, mashed them into a pulp, and dried the mixture to create paper. Initially used for writing and recording information, paper gained popularity and spread throughout China, Asia, and the Islamic world. Chinese prisoners captured during the Battle of Talas introduced papermaking techniques to the Islamic world in the 8th century, leading to the establishment of paper mills in Baghdad and Damascus. Eventually, papermaking knowledge reached Europe through the Islamic world, with the first paper mill in Europe being built in Spain in the 11th century. Paper revolutionized communication, especially during the Renaissance, making books and printed materials more accessible. The printing press, invented by Johannes Gutenberg in the 15th century, further revolutionized paper production. Despite digital technology, paper remains integral to our lives, used for printing books, packaging, and writing notes. Efforts have been made to promote sustainable paper production and encourage the use of recycled paper due to concerns about deforestation. The history of paper showcases human ingenuity and its enduring impact on civilizations.

01. During which dynasty in China was paper invented?
Explanation: (a) Eastern Han Dynasty

02. How did papermaking techniques reach the Islamic world?
Explanation: (c) Through the Battle of Talas

03. What invention played a significant role in the history of paper production?
Explanation: (a) The printing press

04. The ____ spent countless hours engrossed in the musty fragrance of old books.
Explanation: (c) Bibliophile- গ্রন্থানুরাগী, পুস্তক প্রেমিক।

05. Only by working hard ____ able to achieve his goals.
Explanation: (d) শুরুতে Only আসলে sentence টি inversion হবে।

06. My brother doesn't like coffee, ____.
Explanation: (a) and neither do I

07. "John loves to swim, _____ his sister prefers to play tennis."
Explanation: (d) মতের বিপরীত বুঝাতে Whereas ব্যবহার করা হয়েছে।

08. Who is called the 'Poet of beauty'?
Explanation: (b) John Keats

09. He had missed the bus; _______, he decided to walk to his destination.
Explanation: (b) সুতরাং বুঝাতে hence ব্যবহৃত হয়।

10. "He's a chip off the old block." What does this idiom mean?
Explanation: (c) "Chip off the old block" is an idiom used of people who closely resemble their parents in some way.

11. Choose the correct spelling.
Explanation: (a) Occasion শব্দের অর্থ উপলক্ষ।

12. মেধার বলে একজন শিক্ষার্থী জীবনে সফল হয়। The English translation of this sentence is:
Explanation: (c) 'মেধার বলে' এর ইংরেজি 'by dint of merit'। যেহেতু subject 'A student' third person singular number-তাই verb-এর সাথে s/es হবে। সুতরাং সঠিক উত্তর A student succeeds in life by dint of merit।

13. "To bite the bullet" means-
Explanation: (b) To endure a difficult or unpleasant situation

14. The behaviour of our politicians does not accord ___ their stated principles.
Explanation: (a) Accord with (sth)- মিল থাকা।

15. Tranquility: Peace ::
Explanation: (a) TRANQUILITY- প্রশান্তি এর Synonym PEACE আবার Chaos - বিশৃঙ্খলা এর Synonym Disorder.

16. How often do the buses run? Which sentence correctly rewrite the sentence above.
Explanation: (b) Embedded question এর নিয়ম অনুযায়ী পরের Clause টি assertive sentence হবে।

17. Choose the wrong sentence.
Explanation: (b) Resulted from হবে। কারণ, কোনো কিছু হতে কোনো ফলাফল ঘটা বুঝালে result from ব্যবহৃত হয়।

18. I will have a cup of tea. "My father said, "Because I'm not hungry."
Which of the following sentences is the correct indirect speech?
Explanation: (c) Direct Narration- এ Reporting verb টি past tense এ থাকলে এবং Reported speech-এর মূল verb- এর পূর্বে shall, will, can বা may থাকলে Indirect Narration- এ এগুলো পরিবর্তিত হয়ে যথাক্রমে should, would, could ও might এ পরিবর্তিত হবে।

19. Which one is the correct passive form?
Explanation: (b) Passive voice এর complex বা compound sentence এ ভিন্ন ভিন্ন number এর দুটি subject এবং transitive verb থাকলে আলাদা আলাদা auxiliary verb উল্লেখ করতে হয়। option 'd' সঠিক নয় কারণ past indefinite + while + past continuous হবে।

20. 'He failed because he was so rash.' Compound form of this sentence is-
Explanation: (b) Co-ordinating conjunction যুক্ত করে compound তৈরী করা যায়।

21. Find out the correct sentence.
Explanation: (b) 'For a walk' একটি সঠিক expression. option (a) 'where he lives' থাকলে সঠিক হতো, (c) by the by ভুল expression, (d) furniture uncountable noun তাই -s হবে না।

22. Which of the following sentences is correct?
Explanation: (c) people plural হওয়ায় verb 'use' বসবে। তাই option 'c' correct. 'people' হলো person এর plural.

23. $\underset{a}{\underline{\text{Adult education}}}$ programs $\underset{b}{\underline{\text{must be}}}$ designed $\underset{c}{\underline{\text{so}}}$ the diverse $\underset{d}{\underline{\text{needs}}}$ of the participants in mind.
Explanation: (c) বাক্যে 'জন্য বা নিমিত্তে' অর্থে so এর স্থলে for হবে।

24. He felt no qualms _____ borrowing money from his friends.
Explanation: (d) qualm about (sth/doing sth)- (কোনো কিছুর ব্যাপারে) বিবেকের অস্বস্তিবোধ, দ্বিধাবোধ।

25. He seems to ___ his best for the test.
Explanation: (c) Seem এর পর infinitive বসে।

26. What is the synonym of 'FIDELITY'?
Explanation: (d) Fidelity/ loyalty- বিশ্বস্ততা, আনুগত্য।

27. The phrase 'by the way' is generally used to-
Explanation: (c) অন্য বিষয়ে জিজ্ঞাসা করতে by the way ব্যবহৃত হয়। Digress- অপ্রাসঙ্গিক হওয়া।

28. Reptile is to lizard as flower is to-
Explanation: (d) Lizard-হলো এক ধরনের Reptile (সরীসৃপ) আর Daisy হলো এক ধরনের Flower।

29. Go and catch the falling star. Here the "falling" is-
Explanation: (c) Verb + ing যখন noun-এর পূর্বে বসে তাকে participle বলে। উল্লেখ্য, Participle বাক্যে adjective-এর কাজ করে।

30. Which word is correct?
Explanation: (d) Furniture, Information এবং Scenery uncountable noun হওয়ায় এদের সাথে s/es যুক্ত হয় না। উল্লেখ্য, proceed noun হিসেবে সর্বদা plural form-এ ব্যবহৃত হয়। অর্থ-লাভ, মুনাফা (profit).

31. As she was talking, he suddenly broke _____, saying 'That's a lie!'
Explanation: (b) Break in অর্থ কোনো কথার মাঝে হস্তক্ষেপ করা। শূন্যস্থানে বসালে বাক্যের অর্থ দাঁড়ায়, যখন সে কথা বলতেছিলো, সে হঠাৎ বাধা দিয়ে বললো 'ঐ গুলো সব মিথ্যা'।

32. 'Ballad' is-
Explanation: (c) A kind of short narrative poem.

33. Which word means the opposite of 'Dearth'?
Explanation: (b) Dearth অর্থ ঘাটতি, অপ্রতুলতা (lack, shortage, scarcity, shortfull, deficiency, paucity প্রভৃতি)। এর বিপরীত হলো abudance, sufficiency (প্রাচুর্য, আধিক্য, পর্যাপ্ত প্রভৃতি), a considerable amount, plentiful, good deal, adequacy etc.

34. Choose the correct sentence.
Explanation: (c) 'All of it' (এটার সবকিছু), subject-টি singular এবং Present Indefinite tense-এ কর্তা third person singular number হলে verb-এর সাথে s বা es যোগ হয়।

35. Let us begin by looking at the minutes of the meeting. Here the underlined word means -
Explanation: (c) চলো আমরা সভার বিবরণী দেখে কাজ শুরু করি। Minutes - সভার লেখ্য বিবরণী।

36. As a neophyte he had to put up with the inconveniences.
Explanation: (d) endure

37. It will be your task to make sure the ____ of traffic maintained without interruption.
Explanation: (d) Flow of traffic- traffic এর প্রবাহ বা গতি।

38. 'i.e.' means-
Explanation: (a) that is to say

39. A person in charge of a museum is a _____.
Explanation: (a) Curator- যাদুঘরের কর্মাধক্ষ্য।

40. A fantasy is-
Explanation: (a) An imaginary story

41. The proverb "A burnt child dreads the fire" means-
Explanation: (b) A burnt child dreads the five- ঘরপোড়া গরু সিঁদুরে মেঘ দেখলে ডরায়।

42. The correct synonym of 'Discrepancy' is -
Explanation: (c) Discrepancy অর্থ মতভেদ, অমিল। এর Synonym হলো disagreement, conflict, difference, disparity, inconsistency, divergence, disparity, disaccord প্রভৃতি। Discreet অর্থ বিচক্ষণ, আর Discursive অর্থ অপ্রাসঙ্গিক, বুদ্ধিগত।

43. The solution of the problem dawned ____ me.
Explanation: (a) Dawn on + sb - কোনো কিছু প্রথমবার বুঝতে শিখেছে এমন বা কারও উপর কোনো কিছু প্রথমবার বর্তানো।

44. Correct adjective of the word 'Contempt' is -
Explanation: (b) Contempt (ঘৃণা) একটি noun-এর adjective হলো Contemptible (ঘৃণ্য)।

45. We came to an abandoned house. The underlined word is-
Explanation: (b) কেমন house তা বুঝাতে abandoned adjective ব্যবহৃত হয়।

46. Which one is the singular noun?
Explanation: (d) Crisis শব্দটি Singular এবং এর plural হলো crises। Phenomenon (ঘটনা) শব্দটি singular এবং এর plural হলো phenomena, আর media শব্দটির singular হলো medium।

47. There are three kinds of solar eclipses: one is total, another is annular, and ____.
Explanation: (d) তিনটি singular noun-কে ধারাবাহিকভাবে বুঝাতে one, another এবং the other বসে।

48. ____ love is such ____ beautiful thing.
Explanation: (a) Love শব্দটি uncountable বা abstract noun হওয়ায় এর আগে article হবে না।

49. If you had studied harder, you ____ in the admission test.
Explanation: (b) If + past perfect + sub + would have/could have/might have + v_3

50. The passive form of- "Where will you spend your holidays?"
Explanation: (a) Interrogative sentence এ wh-word থাকলে সেটা থেকে যাবে। বাকিটা নিয়মানুযায়ী হবে।

51. Which of the following sentences is correct?
Explanation: (b) Like এর পরের verb টি v + ing হয়।

52. Which of the following sentences is correct?
Explanation: (d) It is better to be safe than sorry.

53. After food has been dried or canned, ____ for later consumption.
Explanation: (a) Principal clause-এর structure: - Sub + verb + ex.

54. Transform the sentence as directed- "Wait here till my arrival." (Complex)
Explanation: (a) Wait here till I arrive.

55. Which is the best translation of the sentence? " সে অত্যন্ত ধূর্ত মানুষ।"
Explanation: (d) He is a shrewd man.

56. The expression 'after one's own heart' means-
Explanation: (a) To one's own liking

57. In which sentence the phrase 'at large' is used correctly?
Explanation: (d) At large - স্বাধীনভাবে। Birds fly at large in the sky.

58. $\underset{a}{\underline{\text{In an editorial}}}$ a writer may criticize, $\underset{b}{\underline{\text{praise}}}$, or merely $\underset{c}{\underline{\text{to discuss}}}$ the actions of some public $\underset{d}{\underline{\text{official}}}$ or group.
Explanation: (c) Parallelism অনুযায়ী option (c) তে discuss হবে।

59. One who commits antisocial acts without guilt or pangs of conscience is called-
Explanation: (c) Psychopath

60. The word 'florid' indicates -
Explanation: (d) Florid- পুষ্পময়।

Written Part

01. Write an essay on "Adolescence". 10

Answer:

Adolescence

Adolescence is a phase of transition between childhood and adulthood. It involves the physical and psychological growth and development of a person during the puberty period and is usually marked by the teenage years. Adolescence is a time of rapid physiological and psychological change of intensive readjustment to the family, school, work, and social life and of preparation for adult roles. It starts with puberty and ends with the achievement of an adult work role. It usually begins between 11 and 16 years in boys and girls.

During this period, changes are associated with puberty that includes physical changes such as growth spurts, voice changes, body hair growth, acne, etc., as well as psychological changes such as mood swings, increased risk-taking behavior, identity formation, etc. Adolescents also experience cognitive changes such as increased abstract thinking abilities.

Adolescence is a crucial period in human development that can have long-lasting effects on an individual's life. It is important to provide adolescents with a supportive environment that encourages healthy behaviors and positive development.

02. Write a paragraph on "Metro rail" 10

Answer:

ব্যাখ্যা: (a); জেনে রাখো: C হলো উচ্চস্তরের কম্পিউটার প্রোগ্রামিং ভাষা। DOS হলো PC-DOS বা MS-DOS অপারেটিং সিস্টেমের সাধারণ নাম। CP/M হলো ইন্টেল 8080/85 ভিত্তিক মাইক্রো কম্পিউটারের জন্য Mass Market অপারেটিং সিস্টেম। মুক্ত সোর্স অপারেটিং সিস্টেম UNIX এর একটি সংস্করণ হলো XENIX।

54. একটি জিনিস 25 টাকায় বিক্রি করায় 25% লাভ হয়, জিনিসটির ক্রয়মূল্য কত?
ব্যাখ্যা: (d); জেনে রাখো: ক্রয়মূল্য 100 টাকা হলে 25% লাভে বিক্রয়মূল্য $= (100 + 25)$ টাকা $= 125$ টাকা
বিক্রয়মূল্য 125 টাকা হলে ক্রয়মূল্য 100 টাকা
বিক্রয়মূল্য 1 টাকা হলে ক্রয়মূল্য $\frac{100}{125}$ টাকা
বিক্রয়মূল্য 25 টাকা হলে ক্রয়মূল্য $\frac{100\times25}{125} = 20$ টাকা

55. বাংলা একাডেমিতে ভাষা আন্দোলনের শহিদদের স্মরণে নির্মিত ভাস্কর্যের নাম কী?
ব্যাখ্যা: (d); জেনে রাখো: মোদের গরব ভাস্কর্যটি অখিল পাল। ২০০৭ সালে এটি নির্মিত হয়। এই ভাস্কর্যটির মডেল ভাষা শহিদ সালাম, বরকত, রফিক, জব্বার ও শফিউর।

56. ইউনেস্কো বঙ্গবন্ধু আন্তর্জাতিক পুরস্কার -২০২৩ লাভ করে-
ব্যাখ্যা: (b); জেনে রাখো: উদ্ভাবন অর্থনৈতিক খাতে বিশেষ অবদানের জন্য এই পুরস্কার লাভ করে জিম্বাবুয়ের প্রতিষ্ঠিত মিউজিক ক্রসরোডস।

57. অর্থনীতিতে সম্পদের বৈশিষ্ট্য কয়টি?
ব্যাখ্যা: (b); জেনে রাখো: বৈশিষ্ট্যগুলো হল: (১) উপযোগ, (২) অপ্রাচুর্যতা, (৩) হস্তান্তরযোগ্যতা, (৪) বাহ্যিকতা।

58. তথ্য পাওয়া মানুষের কী ধরনের অধিকার?
ব্যাখ্যা: (c); মৌলিক

59. অধ্যাপক মাকসুদ কামাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের কততম উপাচার্য?
ব্যাখ্যা: (c); জেনে রাখো: ৪ নভেম্বর, ২০২৩ সালে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২৯ তম উপাচার্য হিসেবে যোগদান করেন।

60. New Development Bank (NDB)- এর প্রথম নারী প্রেসিডেন্ট হিসেবে নির্বাচিত হন কে?
ব্যাখ্যা: (d); দিলমা রুসেফ (ব্রাজিল)

Written অংশ

বাংলা (২০)

01. অনুচ্ছেদটি পড় এবং নিচের প্রশ্নগুলোর (ক- ঙ) উত্তর দাও। **10**

আবার ফুটেছে দ্যাখো কৃষ্ণচূড়া থরে থরে শহরের পথে
কেমন নিবিড় হয়ে। কখনো মিছিলে কখনো-বা
একা হেঁটে যেতে যেতে মনে হয়-ফুল নয়, ওরা
শহিদের ঝলকিত রক্তের বুদ্বুদ, স্মৃতিগন্ধে ভরপুর।
একুশের কৃষ্ণচূড়া আমাদের চেতনারই রং।
এ-রঙের বিপরীত আছে অন্য রং,
যে-রং লাগে না ভালো চোখে, যে-রং সন্ত্রাস আনে
প্রাত্যহিকতায় আমাদের মনে সকাল-সন্ধ্যায়-

(ক) আবার ফুটেছে দ্যাখো কৃষ্ণচূড়া থরে থরে শহরের পথে কেমন নিবিড় হয়ে; কোন বিষয়ের প্রতি ইঙ্গিত করা হয়েছে?
(খ) "ফুল নয়, ওরা শহিদের ঝলকিত রক্তের বুদ্বুদ"- উক্তিটি ব্যাখ্যা কর?
(গ) "এ রঙের বিপরীত আছে অন্য রং" বলতে কী বোঝানো হয়েছে?
(ঘ) "যে রং লাগে না ভালো চোখে, যে রং সন্ত্রাস আনে"- বুঝিয়ে লিখ?
(ঙ) ফেব্রুয়ারি ১৯৬৯ কবিতায় কবি জীবনকে কীভাবে প্রকৃতির সঙ্গে সম্পৃক্ত করেছেন?

উত্তর: (ক) "আবার ফুটেছে দ্যাখো কৃষ্ণচূড়া থরে থরে শহরের পথে নিবিড় হয়ে" কথাটি দ্বারা ভাষা আন্দোলনের প্রতি ইঙ্গিত করা হয়েছে। ১৯৫২ সালের ফাগুন মাসে মাতৃভাষা বাংলার দাবিতে ভাষা আন্দোলন হয়েছিল এদেশে। ভাষা আন্দোলনের জন্য অনেক তাজা প্রাণ ঝরে গিয়েছিল। ফাগুন মাসে প্রস্ফুটিত কৃষ্ণচূড়া ফুল যেন শহিদদের সেই রক্ত ধারণ করে লাল হয়েছে। তাই পথের পাশে থরে থরে লাল কৃষ্ণচূড়া দ্বারা বায়ান্নর ভাষা শহিদদের প্রতি ইঙ্গিত করা হয়েছে।
(খ) "ফুল নয় ওরা শহিদের ঝলকিত রক্তের বুদ্বুদ"- লাইনটিতে কবি কৃষ্ণচূড়ার ডালে থরে থরে ফুটে থাকা কৃষ্ণচূড়া ফুলকে ১৯৫২ সালে ভাষা আন্দোলনে শহিদদের রক্তের সাথে তুলনা করেছেন। 'ফেব্রুয়ারি-১৯৬৯' কবিতা কবির হৃদয়ে একুশের চেতনার প্রতীক। প্রতি একুশেরই কৃষ্ণচূড়ার ডাল রক্তের মতো লাল হয়ে ওঠে ফুলে ফুলে। কবির মনে হয় ভাষা-শহিদদের রক্তের বুদ্বুদ যেন কৃষ্ণচূড়া ফুল হয়ে ফুটেছে। মূলত কবির স্মৃতিতে ভাষা-শহিদদের স্মৃতি নিহিত'।
(গ) "এ রঙের বিপরীত আছে অন্য রং" বলতে প্রতিবাদ বা গণজাগরণের কথা বলা হয়েছে। পাকিস্তানি শাসকগোষ্ঠী বাঙালিদের ওপর ব্যাপক নির্যাতন ও অত্যাচার চালায়। তারা সে সময়ের পূর্ববঙ্গের মানুষকে পুতুলের মতো ব্যবহার করতে থাকে। চারদিকে হত্যা, সন্ত্রাস ও লুণ্ঠন জনজীবনে আতঙ্ক তৈরি করে। এর প্রতিবাদে এদেশের সাধারণ মানুষ ক্ষুব্ধ হয়ে ওঠে। এ কথা বোঝাতেই প্রশ্নোক্ত কথাটি বলা হয়েছে।
(ঘ) "যে রং লাগে না ভালো চোখে, যে-রং সন্ত্রাস আনে" বলতে কবির চেতনায় একুশের যে অনুপ্রেরণা কাজ করে, সেটার বিপরীত চেতনাকে বুঝিয়েছেন। কবির কাছে সেই বিপরীত রং বিশ্বাসঘাতক, নীচ ও হীন কর্মকাণ্ডে জড়িতদের প্রতীক। কবির কাছে অশুভ চেতনার রং মোটেই ভালো লাগে না। কারণ সে রং সমাজে অস্থিরতা বাড়ায়, মানুষের অধিকার ক্ষুণ্ন করে, মানুষকে নিরাপত্তা দিতে ব্যর্থ হয়। কবি তাঁর চারপাশে তাকিয়ে দেখেন- সেই অশুভ শক্তির দাপটেই সবকিছু চলছে। তিনি ঐসব অশুভ শক্তিকে মনে- প্রাণে ঘৃণা করেন।
(ঙ) কবি জীবনকে প্রকৃতির বিভিন্ন অনুষঙ্গের প্রভাবের সঙ্গে সম্পর্কিত করেছেন। জীবনে প্রাত্যহিকতায় প্রকৃতির অবদান ও প্রভাব অনস্বীকার্য। আলোচ্য কবিতায় কবি বাঙালির জাতীয় জীবনে প্রকৃতির প্রভাব বর্ণনা করেছেন ভাষাশহিদদের চেতনার রঙে মিলিয়ে। এখানে ফাগুন প্রকৃতি নিরবচ্ছিন্নভাবে বাঙালি জাতির চেতনায় গেঁথে আছে। বীর বাঙালির বুকের রক্তের লাল রং নিয়ে যেন ফাগুনের কৃষ্ণচূড়া রক্তবর্ণ ধারণ করেছে। এই রং এখন আমাদের চেতনার রং। ভাষাশহিদ সালামের মুখ যেন তরুণ শ্যামল পূর্ব বাংলা। কবি এই কবিতায় জীবনকে এভাবেই প্রকৃতির বিভিন্ন অনুষঙ্গের প্রভাবের সঙ্গে সম্পর্কিত করেছেন।

02. সারমর্ম লিখ (অনধিক চার বাক্যে): **05**

আমার একার সুখ, সুখ নহে ভাই,
সকলের সুখ, সখা, সুখ শুধু তাই
আমার একার আলো সে যে অন্ধকার
যদি না সবারে অংশ আমি দিতে পাই।
সকলের সাথে বন্ধ সকলের সাথে,
যাইব কাহারে বলো ফেলিয়া পশ্চাতে
একসাথে বাঁচি আর একসাথে মরি
এসো বন্ধু, এ জীবন মধুময় করি।

উত্তর: মানুষ তখনই সুখকে সার্থকভাবে উপভোগ করতে পারে যখন সে অন্যকে সুখ দিতে বা সুখী করতে পারে। সংসার জীবনে সকলের সুখ-দুঃখকে নিজের করে নিতে পারলেই প্রকৃত সুখের সন্ধান পাওয়া যাবে। ভোগে নয়, সবার জন্য ত্যাগ স্বীকার ও মমতায় সুখ নিহিত রয়েছে।

03. অনুচ্ছেদটি পড়ো এবং নিম্নরেখাযুক্ত শব্দের পদ নির্ণয় কর । বিশেষণ হলে বিশেষ্য লিখ ও বিশেষ্য হলে বিশেষণ লিখ। (যেকোনো ৫টি) **05**

দেশের অখণ্ডতা বজায় রাখার জন্য সকলকে এগিয়ে আসতে হবে। জাতি, ধর্ম, বর্ণ, নির্বিশেষে আলস্য পরিত্যাগ করে সমৃদ্ধির আলোয় পথ চলতে হবে। হিংসা আমাদের অন্তর কে গ্রাস করে ফেলেছে। নাগরিকদের প্রতি আহ্বান বিদ্বেষ পরিহার করে সৌহার্দ্য বজায় রাখুন।

উত্তর: অখণ্ডতা (বিশেষ্য)- অখণ্ড (বিশেষণ)
আলস্য (বিশেষ্য)- অলস (বিশেষণ)
আলো (বিশেষ্য)- আলোকিত (বিশেষণ)
হিংসা (বিশেষ্য)- হিংসাত্মক (বিশেষণ)
গ্রাস (বিশেষ্য)- গ্রস্ত (বিশেষণ)
নাগরিক (বিশেষণ)- নগর (বিশেষ্য)
সৌহার্দ্য (বিশেষ্য) - সৌহার্দিক (বিশেষণ)

ইংরেজি (২০)

04. **Write a paragraph on "Moon landing".** **10**

Answer:

Moon landing

The first Moon landing was achieved by the United States' Apollo 11 mission on July 20, 1969. The mission was launched on July 16, 1969, and it took four days, six hours and 45 minutes to get to the Moon. The lunar module landed on the Moon at 8:17 pm on July 20, 1969. The crew consisted of Commander Neil Armstrong and lunar module pilot Buzz Aldrin. Armstrong became the first human to walk on the Moon at 10:56 pm that same day. Aldrin joined him about 20 minutes later. They spent a total of about two and a quarter hour together outside the spacecraft, collecting samples and conducting experiments. The third member of the crew, Michael Collins, remained in orbit around the Moon in the command module. The mission was a major achievement for NASA and the United States in their competition with the Soviet Union during the Cold War space race. It also represented a significant milestone in human history and inspired generations of people around the world.

05. Hold fast to dreams **05**
For if dreams die
Life is a broken-winged bird
That cannot fly.

Which poem are these lines taken from? Who wrote this poem? Which figure of speech is used in these lines?

Answer: These words are from Langston Hughes' poem "Dream." The idea is expressed through metaphor in this poetry. Without using the words as or like, life is compared to a broken-winged bird. Metaphor occurs when two thoughts or objects are compared without the use of a preposition such as "as" or "like."

06. Make some sentences using the following words: **05**

Answer: (a) **Abort** - The mission had to be aborted due to a technical malfunction.
(b) **Loathe** - She loathed the idea of having to work with him again.
(c) **Harbinger** - The sudden drop in temperature was a harbinger of the coming storm.
(d) **Foment** - The group was accused of trying to foment unrest among the population.
(e) **latent** - His talent for music had been latent for years before he finally decided to pursue it.

ঢাবি 'খ' এক্সাম

স্পেশাল মডেল টেস্ট-০৩

পূর্ণমান: ১০০

সময়: ১:৩০ মি.

MCQ অংশ

বাংলা: (১৫ × ১ = ১৫)

01. 'অপরিচিতা' গল্পের কল্যাণীর বিয়ে না করার কারণ কী ছিল?
ব্যাখ্যা: (d); জেনে রাখো: বিয়ের আসরে বসা কন্যার গা থেকে গহনা খুলে এনে সেকরাকে দিয়ে পরীক্ষা করালে এবং ফর্দ টুকে রাখলে তা শম্ভুনাথ সেনের আত্মমর্যাদায় আঘাত লাগে।

02. ফরিদপুরে ছাত্রছাত্রীরা শোভাযাত্রার পরে কোথায় এসেছিল?
ব্যাখ্যা: (c); জেনে রাখো: ২১ ফেব্রুয়ারি ফরিদপুরে ছাত্রছাত্রীরা হরতালে শোভাযাত্রা করে জেলগেট এসেছিল।

03. "তুমি অধম তাই বলিয়া আমি উত্তম হইবো না কেন" এ উক্তিটি কার?
ব্যাখ্যা: (c); বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

04. 'সোনার তরী' কবিতাটি কোন ঋতুর প্রেক্ষাপটে রচিত?
ব্যাখ্যা: (d); জেনে রাখো: ১৮৯৪ সালে 'সোনার তরী' কাব্যগ্রন্থটি প্রথম প্রকাশিত হয়।

05. রবীন্দ্রনাথ ঠাকুরের উপন্যাস কোনটি?
ব্যাখ্যা: (c); জেনে রাখো: গল্পস্বল্প রবীন্দ্রনাথ ঠাকুরের গল্পের সংকলন এবং মুক্তধারা নাটক গ্রন্থ। অন্যদিকে চতুষ্কোণ মানিক বন্দোপাধ্যায়ের উপন্যাস।

06. 'লালসালু' উপন্যাসে আওয়ালপুরের পীর কোন ভাষায় বয়েত করতেন?
ব্যাখ্যা: (c); জেনে রাখো: পীর সাহেব বিচিত্র সুর করে তিনি একটা ফারসি বয়েত কওে ওয়াজ ক্ষান্ত করেন। বলেন, সোহবতে সোয়ালে তুরা সোয়ালে কুনাদ (সুসঙ্গ মানুষকে ভালো করে)।

07. কোন বানানটি সঠিক?
ব্যাখ্যা: (c); নিশীথিনী

08. 'Archetype' শব্দের অর্থ-
ব্যাখ্যা: (a); Architect- এর পারিভাষিক শব্দ: স্থপতি;
Architecture- এর পারিভাষিক শব্দ: স্থাপত্যকলা;
Metallic color- এর পারিভাষিক শব্দ: ধাতব বর্ণ।

09. 'অম্বর' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ব্যাখ্যা: (c); 'অম্বর' শব্দের সমার্থক শব্দ হলো- আকাশ, আসমান, গগন, ব্যোম, নভঃ, নভোমণ্ডল, অন্তরীক্ষ, শূন্য, দ্য, ছায়ালোক।

10. 'আদিম' শব্দের বিপরীত শব্দ কোনটি?
ব্যাখ্যা: (c); 'আদিম' শব্দটির অর্থ প্রথম বা অতি প্রাচীন। এর বিপরীত শব্দ অন্তিম যার অর্থ শেষ।

11. 'পরীক্ষা ভালো না হলে ভর্তি হওয়া যাবে না।'- কোন ধরনের বাক্য?
ব্যাখ্যা: (b); বাক্যটিতে একটি কর্তা এবং একটি সমাপিকা ক্রিয়া থাকায় বাক্যটি সরল বাক্য।

12. 'ভিক্ষালব্ধ' সমাসবদ্ধ পদটি কোন সমাসের উদাহরণ?
ব্যাখ্যা: (d); পূর্বপদে তৃতীয়া বিভক্তির (দ্বারা, দিয়া, কর্তৃক ইত্যাদি) লোপে যে সমাস হয়, তাকে তৃতীয়া তৎপুরুষ সমাস বলে। যেমন - ভিক্ষা দ্বারা লব্ধ = ভিক্ষালব্ধ, শ্রম দ্বারা লব্ধ = শ্রমলব্ধ।

13. নিপাতনে সিদ্ধ 'ষ'-এর ব্যবহার হয়েছে কোনটিতে?
ব্যাখ্যা: (d); ভূষণ

14. নিচের কোনটিতে আধিক্য অর্থে 'প্র' উপসর্গটি ব্যবহৃত হয়?
ব্যাখ্যা: (a); প্র-উপসর্গটি বিভিন্ন অর্থে ব্যবহার:
প্রকৃষ্ট/সম্যক অর্থে- প্রভাব, প্রচলন, প্রস্ফুটিত;
খ্যাতি অর্থে- প্রসিদ্ধ, প্রতাপ, প্রভাব;
আধিক্য অর্থে- প্রগাঢ়, প্রচার, প্রবল, প্রসার;
গতি অর্থে- প্রবেশ, প্রস্থান।

15. 'মূর্খ' অর্থে নিচের কোন বাগধারাটি ব্যবহৃত হতে পারে?
ব্যাখ্যা: (d); গোঁফ খেজুরে- নিতান্ত অলস; ননীর পুতুল- শ্রমবিমুখ; কলুর বলদ- একটানা খাটুনি।

ইংরেজি: (১৫ × ১ = ১৫)

16. Feminine gender of 'Hart' is -
ব্যাখ্যা: (d); Hart- Male deer; Roe- Female deer.

17. This is the go of the world. Here 'go' is a/an -
ব্যাখ্যা: (b); প্রদত্ত বাক্যে 'go' শব্দটি 'noun' এর উদাহরণ। এখানে the go, phrase এর অর্থ হচ্ছে প্রচলিত নিয়ম। তাই This is the go of the world এই বাক্যের পুরো অর্থ এটিই পৃথিবীর প্রচলিত নিয়ম।

18. The office requires that we _____ our work timely.
ব্যাখ্যা: (c); Require একটি subjunctive verb যার পর that + subject + base verb (complete) হয়।

19. In the sentence "I rather like the smell of petrol", Here 'rather' is -
ব্যাখ্যা: (b); Rather অর্থ বরং, যা একটি ক্রিয়া বিশেষণ Adverb.

20. Select the correct preposition of 'I have antipathy ____ him.'
ব্যাখ্যা: (a); Antipathy against (sb)- কারো প্রতি বিতৃষ্ণা।

21. They remain _____ compared to other citizens with higher levels of unemployment and low wages.
ব্যাখ্যা: (b); Contextually এখানে (b) উত্তর হবে।

22. What is the correct synonym of the word 'Acme'?
ব্যাখ্যা: (c); 'Acme' শব্দের অর্থ চূড়া বা সর্বোচ্চ স্থান। অনুরূপভাবে Zenith অর্থ সর্বোচ্চ স্থান। অন্য অপশনগুলোর মাঝে Prolific- উর্বর; Warmth- উষ্ণতা; Panacea- সর্বরোগনিবারক ঔষধ।

23. Which of the following is a more formal expression of the phrase "get together"?
ব্যাখ্যা: (c); Assemble

24. The teacher's innovative teaching methods ________ a sense of curiosity and enthusiasm among the students.
ব্যাখ্যা: (a); Bring about- অর্থ ঘটানো।

25. It is more than honesty. (Make it 'Positive').
ব্যাখ্যা: (a); Comparative বাক্যটির positive রূপ হলো: Than পরবর্তী noun + verb- এর negative form + as + adjective- এর positive form + as + প্রদত্ত বাক্যটির sub. সুতরাং সঠিক positive form হলো Honesty is not as much as it।

26. Which sentence demonstrates correct capitalization?
ব্যাখ্যা: (a); Common noun ছোট হাতের অক্ষর দিয়েই প্রকাশ করতে হবে।

27. Choose the word that is the antonym of 'Exquisite'.
ব্যাখ্যা: (b); Exquisite অর্থ তীব্র যার বিপরীত Plain- সরলভাবে।

28. The tree has been blown_____ by the storm.
ব্যাখ্যা: (a); Blow away- উড়িয়ে নিয়ে যাওয়া।

29. Choose the correct sentence.
ব্যাখ্যা: (b); Discuss হচ্ছে transitive verb এবং discuss এর অর্থ হচ্ছে talk about তাই discuss এর পরে about বসে না ।

30. Choose the correctly spelt word.
ব্যাখ্যা: (b); Accelerate- গতিবৃদ্ধি করা।

সাধারণ জ্ঞান: (৩০ × ১ = ৩০)

31. তামাবিল সীমান্তের সাথে ভারতের কোন শহরটি অবস্থিত?
ব্যাখ্যা: (d); জেনে রাখো: সিলেটের সীমান্তবর্তী গোয়াইনঘাট উপজেলায় তামাবিল অবস্থিত।

32. বাংলা একাডেমির মূল ভবনের নাম কী ছিল?
ব্যাখ্যা: (a); বর্ধমান হাউজ

33. প্রাচীন গৌড় নগরীর অংশবিশেষ বাংলাদেশের কোন জেলায় অবস্থিত?
ব্যাখ্যা: (d); জেনে রাখো: গৌড় জনপদের রাজধানী ছিল কর্ণসুবর্ণ।

34. সংবিধানের কোন অনুচ্ছেদ অনুযায়ী বাংলাদেশের নাগরিকগণ 'বাংলাদেশী' বলে পরিচিত হবেন?
ব্যাখ্যা: (b); জেনে রাখো: ৬ (১) নং ধারা -'বাংলাদেশের নাগরিকত্ব আইনের দ্বারা নির্ধারিত ও নিয়ন্ত্রিত হইবে'; ৭ নং ধারা - সংবিধানের প্রাধান্য এবং ৮ নং ধারা - রাষ্ট্র পরিচালনার মূলনীতি।

35. ভূমধ্যসাগর ও আটলান্টিক মহাসাগরের মধ্যে কোন প্রণালির অবস্থান?
ব্যাখ্যা: (b); জেনে রাখো: হরমুজ প্রণালী- আরব ও ইরানকে পৃথক করে।
বসফরাস প্রণালী- এশিয়া ও ইউরোপকে পৃথক করে।

36. 'কর্ণার স্টোন অব পিস' এই স্মৃতিসৌধটি সম্প্রতি স্থাপিত হয়েছে -
ব্যাখ্যা: (c); ওকিনাওয়া

37. কোন দেশটি ইউরোপের বাল্টিক অঞ্চলে অবস্থিত নয়?
ব্যাখ্যা: (c); জেনে রাখো: উত্তর ইউরোপে বাল্টিক সাগরের তীরে অবস্থিত এস্তোনিয়া, লাটভিয়া ও লিথুয়ানিয়া- এ তিনটি দেশকে বাল্টিক রাষ্ট্র বলে। মোট বাল্টিক রাষ্ট্র ৯টি।

38. ঢাকা বিশ্ববিদ্যালয়ের আচার্য কে?
ব্যাখ্যা: (b); রাষ্ট্রপতি

39. উপমহাদেশের সর্বশেষ গভর্নর জেনারেল কে ছিলেন?
ব্যাখ্যা: (c); জেনে রাখো: উপমহাদেশের প্রথম ব্রিটিশ গভর্নর ছিলেন লর্ড ক্লাইভ।

40. বাংলাদেশে শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত হয় -
ব্যাখ্যা: (d); জেনে রাখো: ২৬ মার্চ - স্বাধীনতা দিবস; ১৬ ডিসেম্বর - মহান বিজয় দিবস; ২১ ফেব্রুয়ারি - আন্তর্জাতিক মাতৃভাষা দিবস।

41. মুজিবনগরে কোন তারিখে স্বাধীনতার ঘোষণা করা হয়েছিল?
ব্যাখ্যা: (b); জেনে রাখো: স্বাধীনতার ঘোষণাপত্র জারি করা হয় ১০ এপ্রিল, ১৯৭১ সালে এবং ঘোষণাপত্র পাঠ করা হয় ১৭ এপ্রিল, ১৯৭১ সালে।

42. মুক্তিযুদ্ধ ভিত্তিক নাটক 'লাল জমিন' এর নাট্যকার কে?
ব্যাখ্যা: (b); মান্নান হিরা

43. বি-৫২ কী?
ব্যাখ্যা: (c); এক ধরনের বোমারু বিমান

44. মাওলানা ভাসানীর জীবন ও রাজনীতি নিয়ে গবেষণাধর্মী গ্রন্থ লিখেছেন-
ব্যাখ্যা: (c); আবুল মকসুদ

45. কোন অক্ষরেখা দুই কোরিয়াকে আলাদা করেছে?
ব্যাখ্যা: (c); জেনে রোখো: ১৭° উত্তর অক্ষরেখা হলো সাবেক উত্তর ও দক্ষিণ ভিয়েতনামের মধ্যে চিহ্নিত সীমারেখা।

46. সকলের জন্য কল্যাণ (Welfare for Everybody) কোন সংস্থার শ্লোগান?
ব্যাখ্যা: (a); জেনে রাখো: NASA - National Aeronautics and Space Administration; NATO - North Atlantic Treaty Organization.

47. 'Black Lives Matter' কী?
ব্যাখ্যা: (c); বর্ণবাদ বিরোধী আন্দোলন

48. ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ের মূল এলিভেটেড অংশের দৈর্ঘ্য কত?
ব্যাখ্যা: (a); জেনে রাখো: দেশের প্রথম এলিভেটেড এক্সপ্রেসওয়ে হলো ঢাকা এলিভেটেড এক্সপেসওয়ে। এই এক্সপ্রেসওয়ে উদ্বোধন করা হয় ২ সেপ্টেম্বর, ২০২৩ সালে।

49. নিচের কোনটি কম্পিউটারের প্রাইমারি মেমোরি?
ব্যাখ্যা: (a); জেনে রাখো: যে মেমোরির সঙ্গে সিপিইউর অন্তর্গত ALU-র প্রত্যক্ষ অ্যাকসেস থাকে তাকে প্রাইমারি বা প্রধান মেমোরি বলে। বর্তমানে কম্পিউটারের মেমোরি বলতে প্রধান মেমোরিকেই বুঝায়। প্রাইমারি স্টোরেজ ডিভাইসের জন্য তিন ধরনের মেমোরি হলো - 1. Main Memory, 2. CPU Register, 3. Cache Memory। প্রধান মেমোরির মধ্যে RAM-ই প্রধান। সকল ধরনের রিড/রাইট মেমোরি (DRAM, SRAM, SDRAM ইত্যাদি) ও রিড অনলি মেমোরি(ROM) প্রধান মেমোরির অন্তর্ভুক্ত। Pendrive, HDD অথবা CD-RW/DVD-RW সেকেন্ডারি স্টোরেজ ডিভাইস বা মেমোরি (Non-volatile)।

50. পৃথিবীতে কখন ল্যাপটপ কম্পিউটার প্রবর্তিত হয় এবং কোন কোম্পানি এটা তৈরি করে?
ব্যাখ্যা: (b); জেনে রাখো: 'অস্বর্ন (Osborne-1)' নামক ল্যাপটপ কম্পিউটার প্রথম তৈরি করে 'অস্বর্ন কম্পিউটার (Osborne Computer)' নামক কোম্পানি ১৯৮১ সালে। একই বছরের পরবর্তী সময়ে এপসন তৈরি করে 'এপসন এইচএক্স-২০ (Epson HX-20)' নামের একটি ল্যাপটপ কম্পিউটার। অপরদিকে 'আইবিএম' (IBM), 'কমপ্যাক কিম্পউটার' (Compaq Computer) ও 'অ্যাপল কম্পিউটার' (Apple Computer) নামক কোম্পানি তিনটি ল্যাপটপ কম্পিউটার তৈরি করে যথাক্রমে ১৯৮৪, ১৯৮৮ ও ১৯৮৯ সালে।

51. 15 জন লোক একটি কাজ 8 দিনে করতে পারে। ঐ কাজ 20 জন লোক কত দিনে করতে পারবে?
ব্যাখ্যা: (d); শর্তমতে,
15 জন লোক একটি কাজ করে 8 দিনে
∴ 1 জন লোক একটি কাজ করে 15×8 দিনে
∴ 20 জন লোক একটি কাজ করে $\frac{15\times8}{20} = 6$ দিনে

52. 'আন্তর্জাতিক বুকার পুরস্কার -২০২৩' লাভ করেন-
ব্যাখ্যা: (a); জর্জি গসপদিনভ

53. সাধারণত দ্রব্যের দাম কমালে যোগানের পরিমাণ-
ব্যাখ্যা: (b); কমে

54. সুশাসনের কোন নীতি সংগঠনের স্বাধীনতাকে নিশ্চিত করে?
ব্যাখ্যা: (c); স্বচ্ছতা

55. ২৮ মে ২০২৩ প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে 'এশিয়ার লৌহমানবী' হিসেবে আখ্যায়িত করে কোন পত্রিকা?
ব্যাখ্যা: (a); জেনে রাখো: 'দ্য ইকোনমিস্ট' একটি ব্রিটিশ সাময়িকী পত্রিকা।

56. ২০২৪ সালে আসিয়ানের ৪৪তম শীর্ষ সম্মেলন কোথায় অনুষ্ঠিত হবে?
ব্যাখ্যা: (a); জেনে রাখো: আসিয়ান হলো দক্ষিণ এশিয়ার আঞ্চলিক অর্থনৈতিক জোট। এর সদস্য রাষ্ট্র ১০ টি।

57. কোনটি বাজারের অপরিহার্য বৈশিষ্ট্য নয়?
ব্যাখ্যা: (c); নির্দিষ্ট স্থান

58. 'NAEM' stands for-
ব্যাখ্যা: (d); National Academy for Educational Management

59. কোন সালে ফরাসি বিপ্লব শুরু হয়?
ব্যাখ্যা: (a); জেনে রাখো: ফরাসি বিপ্লবের মূলনীতি ছিল - 'স্বাধীনতা, সাম্য ও মৈত্রী'।

60. এশীয় উন্নয়ন ব্যাংকের (ADB) সদর দপ্তর কোথায় অবস্থিত?
ব্যাখ্যা: (c); জেনে রাখো: এশীয় উন্নয়ন ব্যাংক প্রতিষ্ঠিত হয় ১৯ ডিসেম্বর, ১৯৬৬ সালে। এর সদস্য দেশ ৬৮টি।

Written অংশ

বাংলা (২০)

01. **অনুচ্ছেদটি পড় এবং নিচের প্রশ্নগুলোর (ক- ঙ) উত্তর দাও।** 10

মাঠের প্রান্তে একাকী দাঁড়িয়ে মজিদ দাঁত খেলাল করে আর সে-কথাই ভাবে। কাতারে কাতারে সারবন্দি হয়ে দ্বিতীয়ার চাঁদের মতো কাস্তে নিয়ে মজুররা যখন ধান কাটে আর বুক ফাটিয়ে গীত গায় তখনো মজিদ দূরে দাঁড়িয়ে দেখে আর ভাবে। গলার তামার খিলাল দিয়ে দাঁতের গহ্বরে গুঁতোয় আর ভাবে। কিসের এত গান, এত আনন্দ? মজিদের চোখ ছোট হয়ে আসে। রহিমার শরীরেতো এদেরই রক্ত, আর তার মতোই এরা তাগড়া, গাট্টাগোট্টা ও প্রশস্ত। রহিমার চোখে ভয় দেখেছে মজিদ। এরা কি ভয় পাবে না? ওদের গান আকাশে ভাসে, ঝিলমিল করতে থাকা ধানের শিষে এদের আকর্ণ হাসির ঝলক লাগে। ওদের খোদার ভয় নেই। মজিদও চায়, তার গোলা ভরে উঠুক ধানে। কিন্তু সে তো জমিকে ধন মনে করে না, আপন রক্তমাংসের শামিল খেয়াল করে না। শ্যেন দৃষ্টিতে অবশ্যি চেয়ে চেয়ে দেখে ধানকাটা; কিন্তু তাদের মতো লোম-জাগানো পুলক লাগে না তার অন্তরে। হাসি তাদের প্রাণ, এ কথা মজিদের ভালো লাগে না। তাদের গীত ও হাসিও ভালো লাগে না। ঝালরওয়ালা সালুকাপড়ে আবৃত মাজারটিকে তাদেও হাসি আর গীত অবজ্ঞা করে যেন।

ক) রহিমার চোখে কিসের ভয় দেখেছে মজিদ?
খ) এই হাসি - আনন্দ মজিদ চায় না কেন?
গ) আলোচ্য অংশের সাহায্যে মজিদের মনস্তাত্ত্বিক বিশ্লেষণ কর।
ঘ) "এরা কি ভয় পাবে না?" বুঝিয়ে লেখ।
ঙ) ঝিলমিল করতে থাকা ধানের শিষে এদের আকর্ণ হাসির ঝলক লাগে কেন? ব্যাখা কর।

উত্তরঃ (ক) 'লালসালু' উপন্যাসের অন্যতম গুরুত্বপুর্ণ চরিত্র রহিমা, স্বামীর ব্যক্তিত্বের কাছে খুবই অসহায় ও দুর্বল প্রকৃতির। সে ভয় পায় মাজারের অপরিমেয়, দুর্বোধ্য ও রহস্যময় শক্তিতে, আর এই ভয় তার মধ্যে সৃষ্টি হয়েছে মজিদের কারণে। মজিদের সাথে বিয়ে হওয়ার পর রহিমা যেন একেবারেই শান্তশিষ্ট, গৃহকর্মে নিষ্ঠাবান এক ধার্মিক নারীতে রূপান্তরিত হয়েছে যার মধ্যে রয়েছে প্রবল স্বামীভক্তি এবং মাজারের প্রতি আনুগত্য। এই আনুগত্য ও ভয় রহিমার চোখে দেখে খুশি হয় মজিদ।

(খ) মজিদ মূলত এক দ্বিচারী একটি মিথ্যা মাজার এর উদ্ভাবন ঘটিয়ে মহব্বতনগর এর মানুষ এর মন জয় করার চেষ্টা করে। এতে করে মানুষ সৃষ্টিকর্তাকে ভয় পাওয়া শুরু করে। তারা আগে ধান ও পার্থিব ধন-সম্পদের আনন্দে হাসি-ঠাট্টায় মেতে থাকত। তবে মজিদ আসার সে আনন্দ অনেকটাই হারিয়ে গিয়েছে তবুও ধানের সময়ে তাদের চোখে-মুখে আনন্দ ফুটে উঠলে তা মজিদের ভাল লাগেনা কারণ ধান নিয়ে আনন্দ করলে তারা মাজারের প্রতি অনুগত না-ও থাকতে পারে। মাজারের প্রতি তাদের ভক্তি কমে যেতে পারে। এটাই মজিদের ভয়।

(গ) 'লালসালু' উপন্যাসের প্রধান চরিত্র মজিদ এক ধুরন্ধর প্রকৃতির ধর্মব্যবসায়ী অভাবের তাড়নায় মহব্বতনগর গ্রামে এসে সে মানুষকে মাজারপ্রেমী করে তোলে। মাজারের প্রতিনিধি হিসেবে সে চায় সকলেই মাজারকে শ্রদ্ধা করুক এবং তার আনুগত্য প্রকাশ করুক। মজিদ মূলত নিজের নিরাপত্তার জন্য চায় গ্রামের মানুষ কোনো প্রকার আনন্দ না করুক, কেননা নীতিহীন, ধোঁকাবাজ মজিদ এর জন্য মাজারবিমুখ সেই আনন্দ হবে ধ্বংসের শামিল অর্থাভাবে, খাদ্যাভাবে অন্য অঞ্চল থেকে এই অঞ্চলে এলেও সে চায় না এখানকার মানুষ ধান নিয়ে খুব বেশি মেতে থাকুক। স্বার্থপর, ঈর্ষাপরায়ণ মজিদ ধানের জন্য গ্রামের মানুষের ওপর নির্ভরশীল হলেও, ধান কাটার সময়ে তারা যে খুশি হয়, গান গায়-সেই বিষয়টি সহ্য করতে পারে না মজিদ মূলত দ্বিমুখী নীতি অবলম্বনকারী একজন ধর্মব্যবসায়ী যা আলোচ্য অংশে পরিষ্কারভাবে ফুটে উঠেছে।

(ঘ) 'এরা কি ভয় পাবে না?' - উক্তিটি মজিদের মনের ভাবনা। গ্রামের ধানচাষী মানুষের ব্যাপারে মজিদ বিয়ে করেছে মহব্বতনগর গ্রামের মেয়ে রহিমাকে যে কীনা বিয়ের আগে ছিল দুরন্ত, সাবলীল, হাসিখুশি। কিন্তু মজিদকে বিয়ে করার পর আগাগোড়া বদলে যায় রহিমা। তার চোখে মুখে এখন ভয়, মাজারের প্রতি সম্ভ্রম ও স্বামীর ওপর অগাধ বিশ্বাস ও ভক্তি। এই গ্রামেরই মেয়ে রহিমা। মজিদ যদি রহিমাকে এমনভাবে বদলে ফেলতে পারে, তাহলে গ্রামের বাকি লোকগুলোকেও ধর্মভীরু, মাজারমুখী করে ফেলতে পারবে -এই চিন্তা করে মজিদ। তার এই চিন্তা দিয়ে বোঝানো হয়েছে যে এই গ্রামের মানুষ হলেও রহিমা যতটা ভয় পায় মজিদ ও তার মাজারকে, তেমনই গ্রামের বাকি মানুষদের উচিত তাকে ও তার মাজারকে ভয় পাওয়া।

(ঙ) গ্রামের মানুষ সহজ সরল। তারা ধান চাষ করে ফসল ফলায়, তা দিয়ে জীবন চালায়। তাদের কাছে ধানই সব। কষ্ট করে জমিতে কাজ করার পরে যখন ফসল কাটার সময় হয়, তখন তারা আনন্দিত হয়, খুশি হয়। ধান তাদের মুখে অন্ন জোগায়, তারা খেয়েপরে পরিবার নিয়ে বাঁচে। এই ধান নিয়ে তারা গর্বও করে। এখানে মূলত মজিদের দৃষ্টিকোণ থেকে তাদের আনন্দিত হওয়ার ব্যাপারটি প্রকাশ পেয়েছে। এই আকর্ণ হাসি ধানের শিষে ঝলক লাগায় মূলত তা মজিদের চোখে লাগে। এখানে ধানের শিষের ঝলক লাগার বিষয়টি দিয়ে মজিদের মনের সংকীর্ণতাকে উন্মোচন করা হয়েছে। ধান কাটার আনন্দে মজিদ শামিল হতে পারে না তার ব্যক্তিত্বের কারণে তাই মানুষের হাসি ছুঁয়ে যাওয়া ধানের শিষের ঝলকানি তার মনে অস্বস্তির উদ্রেক ঘটায়।

05

02. সারমর্ম লিখ:

গাহি তাহাদের গান-
ধরণীর হাতে দিল যারা আনি ফসলের ফরমান।
শ্রম-কিণাঙ্ক-কঠিন যাদের নির্দয় মুঠি-তলে
ত্রস্তা ধরণী নজ্‌রানা দেয় ডালি ভরে ফুলে ফলে।
বন্য-শ্বাপদ-সঙ্কুল জরা-মৃত্যু-ভীষণা ধরা
যাদের শাসনে হল সুন্দর কুসুমিতা মনোহরা।
যারা বর্বরা হেথা বাঁধে ঘর পরম অকুতোভয়ে
বনের ব্যাঘ্র ময়ূর সিংহ বিবরের ফণী লয়ে।

উত্তর: যারা শ্রমে-ঘামে পৃথিবীকে ফুলে-ফসলে ভরে দেয়, জীবনের ঝুঁকি নিয়ে অরণ্যচারী প্রাণীদের সঙ্গে সংগ্রাম করে গড়ে তোলে জনপদ, তারাই আসল মানুষ। তারাই মানুষের অভিবাদন পাওয়ার যোগ্য।

05

03. নিচের গদ্যাংশটি চলিত রীতিতে শুদ্ধ করে লিখ।

বাদলের চিঠি দেখে তিনি হতোবাক হইলেন। এ ছেলে প্রথম বিভাগে পাস করিল কিভাবে? চিঠিতে অর্চ্চনা, আচার্য্য, নৈষ্কর্ম্য, অতলস্পর্শী, অভ্যান্তরীন ইত্যাদি বানানে অশুদ্ধ। এটি লজ্জাস্কর ব্যপার।

উত্তর: শুদ্ধরূপঃ বাদলের চিঠি দেখে তিনি হতবাক হলেন। এ ছেলে প্রথম বিভাগে পাস করল কীভাবে? চিঠিতে অর্চনা, আচার্য, নিষ্কর্মা, অতলস্পর্শ, অভ্যন্তরীণ ইত্যাদি বানান অশুদ্ধ। এটি লজ্জাকর ব্যাপার।

ইংরেজি (২০)

10

04. **Write a short paragraph on "Modern Technology"**

Answer:

"Modern Technology"

The nation that humans are deteriorating in social interaction due to technology suggests that ongoing technological interactions, replacing traditional forms of communication, are diminishing a crucial aspect of human connection. Also, the newest form of gaming now poses a potential threat to the loss of human communication as well. The debate of modern technology is one that reaches out to almost everyone in the modern era living in the United States, since it is a first world country, everybody living in the country at one point has interacted with a piece of modern technology. Modern technology shapes the way People think. Everyone has have become dependent upon modern technology, and some people do not even realize it.

05

05. **Explain the following statement in 5 sentences:**

"Nelson Mandela guided south Africa from the shackles of apartheid to a multi-racial democracy as an icon of peace and reconciliation."

Answer: Nelson Mandela played a crucial part in steering south Africa through the shift from apartheid to a democracy embracing multiple races. As a symbol of peace and reconciliation Mandela gained global recognition for championing justice. Mandela's dedication to forgiveness and inclusivity contributed to healing the divisions within the nation. His influence extends beyond South Africa, Serving as inspiration for justice movements worldwide. Thus, Mandela's life represents a profound evolution from adversity to becoming a global symbol of hope and unity.

05

06. **Complete the following story.**

Beneath an ancient oak tree, a worn-out journal appeared, inviting anyone who discovered it to pen their dreams. The journal, imbued with a touch of magic, transformed the aspirations into reality. One by one, ...

Answer: Beneath an ancient oak tree, a worn-out journal appeared, inviting anyone who discovered it to pen their dreams. The journal, imbued with a touch of magic, transformed the aspirations into reality. One by one, heartfelt entries filled its pages, weaving a tapestry of wishes come true. The villagers, enchanted by the extraordinary occurrences, gathered to share stories of newfound joys. The oak tree, now adorned with lanterns and laughter, stood as a testament to the enchanting power of shared dreams and the simple act of putting pen to paper.

ঢাবি 'খ' এক্সাম

পূর্ণমান: ১০০

স্পেশাল মডেল টেস্ট-০৪ সল্যুশন

সময়: ১:৩০ মি.

MCQ অংশ

বাংলা: (১৫ × ১ = ১৫)

01. মহির সাথে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে কথা বলতে বাঁধা দিলেন কে?
ব্যাখ্যা: (b); জেনে রাখো: আওয়ামী-লীগের এক কর্মী তার নামও ছিল মহিউদ্দিন তার সাথে কথা বলতে নিষেধ করেছিল আইবি।

02. 'রেইনকোট' গল্পে কলেজটি এখন কাদের দখলে আছে?
ব্যাখ্যা: (c); জেনে রাখো: 'রেইনকোট' গল্পের কলেজটি ছিল ঢাকা কলেজ।

03. আবুল ফজলের রচিত উপন্যাস কোনটি?
ব্যাখ্যা: (c); আবুল ফজলের রচিত গল্পগ্রন্থ- মৃতের আত্মহত্যা। রেখাচিত্র তার আত্মজীবনীমূলক গ্রন্থ।

04. রবীন্দ্রনাথের মতে কারা দুঃখ-সুখে নতশিরে স্তব্ধ থাকে?
ব্যাখ্যা: (a); উপেক্ষিত মানুষ

05. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতাটিতে 'অতিক্রান্ত পাহাড়' অনুষঙ্গটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?
ব্যাখ্যা: (b); বাধা-বিপত্তির প্রতীক

06. "আত্মসমর্পণ করাই এখন যুক্তিসংগত" সিরাজউদ্দৌলা নাটকের উক্তিটি কার?
ব্যাখ্যা: (d); হলওয়েলের

07. Fiction- শব্দটির বাংলা পারিভাষিক রূপ হলো-
ব্যাখ্যা: (d); Fiction- উপন্যাস, কথাসাহিত্য, অলীক বস্তু।

08. আদায় শব্দটি কোন ভাষার শব্দ?
ব্যাখ্যা: (a); আদায় আরবি ভাষার শব্দ। আরও কয়েকটি আরবি শব্দ- আদালত, উকিল, তসবি ইত্যাদি। ফারসি শব্দ- রোজা, খোদা, দোজখ, চশমা, দোকান ইত্যাদি। ফরাসি শব্দ- কর্তুজ, কুপন, মাদাম ইত্যাদি। পর্তুগিজ শব্দ- আনারস, আলপিন, চাবি, গির্জা, নিলাম ইত্যাদি।

09. নিচের কোনটি তৃতীয়া তৎপুরুষ সমাস?
ব্যাখ্যা: (b); ব্যসবাক্য: শ্রম দ্বারা লব্ধ।

10. শুদ্ধ বানান কোনটি?
ব্যাখ্যা: (b); শুদ্ধ বানান সমীচীন। অন্যদিকে ব্রাক্ষণ, মনকষ্ট ও মুমুর্ষ বানানের শুদ্ধ রূপ যথাক্রমে- ব্রাহ্মণ, মনঃকষ্ট ও মুমূর্ষু।

11. 'প্রবন্ধ' শব্দের সঠিক উচ্চারণ কোনটি?
ব্যাখ্যা: (a); প্রোবোন্‌ধো

12. 'বলার ইচ্ছা' কে এককথায় কী বলে?
ব্যাখ্যা: (d); জানবার ইচ্ছা - জিজ্ঞাসা;
হনন করার ইচ্ছা - জিঘাংসা।

13. 'ঠোঁট কাটা' বাগধারাটির অর্থ কি?
ব্যাখ্যা: (a); কান কাটা বাগধারাটির অর্থ - বেহায়া।

14. 'দুর্বিষহ' এর বিপরীত শব্দ-
ব্যাখ্যা: (a);

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
সুশীল	দুঃশীল
নির্দোষ	দোষ
শান্ত	অশান্ত
দুর্বিষহ	সুসহ

15. নিচের কোনটিতে 'উপ' উপসর্গ 'অপ্রধান' অর্থে প্রযুক্ত হয়েছে?
ব্যাখ্যা: (a); উপভাষা

ইংরেজি: (১৫ × ১ = ১৫)

Read the following passage and answer question number (16-17)

Throughout history, the search for salt has played an important role in society. Where it was scarce, salt was traded ounce for ounce with gold. Rome's major highway was called the "Via Salaria", that is the "Salt Road". Along the road, Roman soldiers transported salt crystals from the salt flats at Ostia up the Tiber River. In return, they received a salarium or salary, which was literally money paid to soldiers to buy salt. The old saying "Worth their salt" which mean "to be valuable" derives from the custom of payment during the Empire.

16. What does the passage mainly discuss?
ব্যাখ্যা: **(c)**; Salt

17. If a man is "Worth his salt" he is –
ব্যাখ্যা: **(c)**; "Worth one's salt" একটি phrase যার অর্থ valuable employee.

18. 'Take the bull by the horns' means-
ব্যাখ্যা: **(a)**; Take the bull by the horns অর্থ লাগাম ধরা, নিয়ন্ত্রণ করা; সাহসিকতার সাথে শত্রুর মোকাবেলা করা।

19. I knew the boy who will win. The underlined clause is-
ব্যাখ্যা: **(b)**; Clause টি the boy (noun) কে নির্দেশ করছে তাই এটা adjective clause.

20. The synonym of 'Intrepid' is-
ব্যাখ্যা: **(d)**; Intrepid অর্থ ভয়হীন = Fearless।

21. I had been doing the work for five days. Change the voice.
ব্যাখ্যা: **(c)**; Have/has/had + been + v_1 + ing + object যুক্ত Active voice কে passive এ রূপান্তরের structure হবে: object টি subject + have/has/had + been being + v_3 + by + subject টি object হয়।

22. Credulous : Skeptical ::
ব্যাখ্যা: **(a)**; Credulous (বিশ্বাসপ্রবণ): Skeptical (সন্দেহপ্রবণ) এর মাঝে antonymous সম্পর্ক বিদ্যমান। তেমনি, Placate (শান্ত করা): Irritate (উত্তেজিত করা) একে অপরের বিপরীত।

23. Which of the following word is wrong in spelling?
ব্যাখ্যা: **(d)**; Diarrhea - উদরাময়/পেটের অসুখ।

24. The sudden economic downturn ________ a wave of unemployment, leaving many families struggling to make ends meet.
ব্যাখ্যা: **(a)**; Ushered in -অর্থ সূচনা, শুরু করা।

25. Choose the word that is the antonym of 'Ephemeral'.
ব্যাখ্যা: **(a)**; Ephemeral অর্থ ক্ষণস্থায়ী যার বিপরীত Enduring অর্থ স্থায়ী।

26. $\underset{a}{\underline{\text{The food}}}$ that Hafiz $\underset{b}{\underline{\text{is cooking}}}$ in the kitchen $\underset{c}{\underline{\text{is smelling}}}$ $\underset{d}{\underline{\text{delicious}}}$
ব্যাখ্যা: **(c)**; is smelling এর স্থলে smells হবে। কারণ, সাধারণত verb of perception বা পঞ্চ ইন্দ্রিয় দ্বারা যে সকল অনুভব করা যায় যেমন: look, feel, hear, smell, taste ইত্যাদি এর continuous tense হয় না।

27. Selfie culture is a demonstration _____ modern superficiality.
ব্যাখ্যা: **(c)**; of modern superficiality অর্থ আধুনিক বাহ্যিকতা/চাকচিক্যতার একটি প্রদর্শন হলো সেলফি কালচার।

28. The noun form of "Admissible" is-
ব্যাখ্যা: **(c)**; Admissible (স্বীকৃত) এর noun form Admission (স্বীকৃতি) ও Admittance (প্রবেশাধিকার)। এক্ষেত্রে option (d) তে spelling incorrect হওয়ায় answer হবে option (c)।

29. Which of the following sentences is incorrect?
ব্যাখ্যা: **(d)**; Mark এর স্থলে marks হবে।

30. I cannot ____ what you say.
ব্যাখ্যা: **(a)**; Make out অর্থ বুঝতে পারা। বাক্যকে সঠিক অর্থ প্রদানের জন্য শূন্যস্থানে make out বসবে। অন্যদিকে take out অর্থ অপসারণ করা।

সাধারণ জ্ঞান: (৩০ × ১ = ৩০)

31. **রাজনীতির 'লিটল মাস্টার' বলা হয় কাকে?**
ব্যাখ্যা: **(c)**; জেনে রাখো: শচীন টেন্ডুলকারকে বলা হয় ক্রিকেটের 'লিটল মাস্টার'।

32. **যুক্তরাষ্ট্রের 'Guantanamo Bay Detention camp' কোথায় অবস্থিত?**
ব্যাখ্যা: **(c)**; কিউবা

33. **'দ্যা আইডিয়া অব জাস্টিস'- গ্রন্থের রচয়িতা কে?**
ব্যাখ্যা: **(c)**; জেনে রাখো: অমর্ত্য সেন অর্থনীতিতে নোবেল পুরস্কার লাভ করেন ১৯৯৮ সালে।

34. **সংবিধানের কোন সংশোধনীকে ' First distortion of constitution' বলে আখ্যায়িত করা হয়?**
ব্যাখ্যা: **(a)**; জেনে রাখো: ২০১০ সালের ফেব্রুয়ারি মাসে সুপ্রিম কোর্টের রায়ে ৫ম সংশোধনী অবৈধ ঘোষিত হয়।

35. **বাংলাদেশের প্রধান বিচারপতি নিয়োগ দেন কে?**
ব্যাখ্যা: **(d)**; রাষ্ট্রপতি

36. **মিয়ানমারে রোহিঙ্গারা তাদের নাগরিকত্ব হারায়-**
ব্যাখ্যা: **(d)**; ১৯৮২ সালে

37. বাংলাদেশের কোন অঞ্চলকে ৩৬০ আউলিয়ার দেশ বলা হয়?
ব্যাখ্যা: (d); জেনে রাখো: '১২ আউলিয়ার দেশ' বলা হয় চট্টগ্রামকে।

38. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কত তারিখে জন্মগ্রহণ করেন?
ব্যাখ্যা: (b); ১৭ মার্চ, ১৯২০ খ্রি.

39. সলোমন-দ্বীপপুঞ্জ কোন মহাসাগরে অবস্থিত?
ব্যাখ্যা: (b); প্রশান্ত মহাসাগর

40. বিশ্ব মানবাধিকার দিবস কবে পালিত হয়?
ব্যাখ্যা: (d); জেনে রাখো: ১ মে- আন্তর্জাতিক শ্রমিক দিবস; ১ আগস্ট- বিশ্ব মাতৃদুগ্ধ দিবস।

41. রাজেন্দ্রপুর সেনানিবাসে অবস্থিত মুক্তিযুদ্ধের স্মৃতিস্তম্ভের নাম -
ব্যাখ্যা: (d); রক্ত সোপান

42. বাংলাদেশের লোকশিল্প জাদুঘর কোথায় অবস্থিত?
ব্যাখ্যা: (b); সোনারগাঁও

43. নাসা কোন দেশের মহাকাশ গবেষণা সংস্থা?
ব্যাখ্যা: (d); জেনে রাখো: NASA - National Aeronautics and Space Administration.

44. ধলেশ্বরী নদীর শাখা নদী কোনটি?
ব্যাখ্যা: (b); জেনে রাখো: যমুনার শাখা নদী ধলেশ্বরী আর ধলেশ্বরীর শাখা নদী বুড়িগঙ্গা।

45. The United Nations University কোন শহরে অবস্থিত?
ব্যাখ্যা: (d); টোকিও

46. কোন দেশটি 'আসিয়ান' (ASEAN) জোটভুক্ত নয়?
ব্যাখ্যা: (d); জেনে রাখো: ASEAN - Association of Southeast Asian Nations. ASEAN এর মোট সদস্য দেশ ১০টি।

47. ব্রিটেনের প্রশাসনিক সদর দপ্তরকে বলা হয় -
ব্যাখ্যা: (b); জেনে রাখো: ওয়েস্টমিনিস্টার অ্যাবে যুক্তরাজ্যের সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ ধর্মীয় ভবন। এখানে রাজাদের রাজ্যাভিষেকসহ রাজাদের শবদেহ সমাহিত করা হয়।

48. গৌড়ের সোনা মসজিদ কার আমলে নির্মিত হয়?
ব্যাখ্যা: (b); জেনে রাখো: গৌড়ের সোনা মসজিদ বর্তমানে রাজশাহী বিভাগের চাপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ থানার অধীনে পড়েছে।

49. 'নাগার্নো-কারাবাখ' কোন দু'টি দেশের করিডোর?
ব্যাখ্যা: (a); আজারবাইজান-আর্মেনিয়া

50. জাতিসংঘের দাপ্তরিক ভাষা নয় -
ব্যাখ্যা: (d); জেনে রাখো: জাতিসংঘের ছয়টি দাপ্তরিক ভাষা রয়েছে। এগুলো হলো - আরবি, ইংরেজি, স্প্যানিশ, রাশিয়ান, চীনা, ফরাসি।

51. জোট নিরপেক্ষ দেশসমূহের প্রথম শীর্ষ সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়?
ব্যাখ্যা: (c); জেনে রাখো: জোট নিরপেক্ষ দেশসমূহের প্রথম শীর্ষ সম্মেলন ১৯৬১ সালে যুগোশ্লাভিয়ার রাজধানী বেলগ্রেডে অনুষ্ঠিত হয়।

52. Mobile Phone- এর কোনটি input device নয়?
ব্যাখ্যা: (d); জেনে রাখো: মোবাইল ফোনে ডাটা ইনপুটের জন্য keypad, touch screen, camera, microphone ইত্যাদি input device ব্যবহৃত হয়। অপরদিকে Power supply হলো কোনো বিদ্যুৎচালিত যন্ত্রে বিদ্যুৎশক্তি যোগানদাতা। এর সাহায্যে কোনো data input করা যায় না।

53. ডাটা এবং প্রোগ্রামের মধ্যে পার্থক্য বুঝতে পারে কোনটি?
ব্যাখ্যা: (b); মাইক্রোপ্রসেসর

54. $x-\frac{1}{x}=9$ হলে $x^2+\frac{1}{x^2}=$ কত?
সমাধান: (d); $\left(x-\frac{1}{x}\right)^2=x^2+\frac{1}{x^2}-2.x.\frac{1}{x}\Rightarrow$
$x^2+\frac{1}{x^2}=\left(x-\frac{1}{x}\right)^2+2\Rightarrow 9^2+2=83$

55. বুকার পুরস্কার ২০২৩ লাভ করেন কে?
ব্যাখ্যা: (a); পল লিঞ্চ

56. মানুষের অর্থনৈতিক কার্যবলী প্রধানত কত প্রকার?
ব্যাখ্যা: (a); জেনে রাখো: অর্থনৈতিক কার্যাবলি প্রধানত দুই প্রকার। যথা: (১) কৃষি সংক্রান্ত অর্থনৈতিক কার্যাবলি; (২) কৃষি বহির্ভূত অর্থনৈতিক কার্যাবলি।

57. সুশাসন প্রতিষ্ঠায় নাগরিকের কর্তব্য হলো-
ব্যাখ্যা: (b); নিয়মিত কর প্রদান করা

58. সম্প্রতি দেশে প্রথমবারের মতো ডেঙ্গু রোগের টিকার সফল পরীক্ষা চালায়-
ব্যাখ্যা: (b); জেনে রাখো: ডেঙ্গু রোগের এই টিকার নাম টিভি -০০৫ (টেট্রাভেলেন্ট)।

59. ভারতে নারীদের জন্য এক-তৃতীয়াংশ আসন সংরক্ষণের বিধান আইন সভায় পাশ হয় কবে?
ব্যাখ্যা: (a); ২০ সেপ্টেম্বর, ২০২৩

60. কোনো দ্রব্যের অতিরিক্ত এক একক বিক্রি করে যে অতিরিক্ত আয় পাওয়া যায় তাকে বলে-
ব্যাখ্যা: (b); প্রান্তিক আয়

Written অংশ

বাংলা (২০)

01. **অনুচ্ছেদটি পড় এবং নিচের প্রশ্নগুলোর (ক- ঙ) উত্তর দাও।** **10**

নাটকের শেষ অঙ্কের প্রথম দৃশ্যে সিরাজ অনুপস্থিত; আর দ্বিতীয় দৃশ্যে খুব অল্প পরিসরেই সিরাজ নিহত হয়। ফলে, বন্দি সিরাজের যন্ত্রণাভোগ, তাঁর দ্বন্দ্ব, পরিতাপ কোনোকিছুই বিকশিত হওয়ার সুযোগ পায়নি। কিন্তু নাট্যকার এই সীমাবদ্ধতা কাটিয়ে তুলতে চেয়েছেন পাঠক ও দর্শকের মাঝে সিরাজের জনসম্পৃক্তির আমেজকে বজায় রাখার মধ্য দিয়ে। সিরাজের মৃত্যুতে নাটক শেষ হয় কিন্তু নাট্যকারের বার্তা ছড়িয়ে পড়ে পাঠক তথা দর্শকের মধ্যে। সিরাজের মৃত্যু দৃশ্যবর্ণনা করতে গিয়ে নাট্যকার যখন বলেন : 'শুধু মৃত্যুর আক্ষেপে তার হাত দুটো মাটি আঁকড়ে ধরবার চেষ্টায় মুষ্টিবদ্ধ হয়ে কাঁপতে কাঁপতে চিরকালের মতো নিস্পন্দ হয়ে গেল।' -তখন এই 'আক্ষেপ' তো লালন করে পাঠক-দর্শক। এই 'আক্ষেপ' থেকে মানুষের মধ্যে এমন প্রত্যয় জেগে ওঠে : সিরাজ যা পারেনি তা তাদের পারতে হবে। সিরাজের অসমাপ্ত লড়াইটি তাদেরকেই শেষ করতে হবে। সকল ষড়যন্ত্রের জাল ছিন্ন করে দেশকে স্বাধীন করতে হবে, স্বাধীনতার সুরক্ষা করতে হবে। করুণরসাত্মক পরিণতি সঞ্চারের মধ্য দিয়ে বিশাল জনমানুষের মধ্যে এই লড়াকু মানোভাব জাগিয়ে তোলাই সিরাজ চরিত্রের সার্থকতা।

(ক) 'সিরাজউদ্দৌলা' নাটকটি করুণ রসাত্মক -ব্যাখ্যা কর।
(খ) সিরাজের চরিত্রের দ্বন্দ্বের উপস্থিতি বিশ্লেষণ কর।
(গ) সিরাজের চরিত্রের সার্থকতা জনমানুষের মধ্যে লড়াকু মনোভাবকে জাগিয়ে তোলার মাধ্যমে তুমি কী একমত? ব্যাখ্যা কর।
(ঘ) নবাব সিরাজকে হত্যার দৃশ্যটি সংক্ষেপে বর্ণনা কর।
(ঙ) নাটকের সীমাবদ্ধতা কাটিয়ে উঠতে লেখক যে পন্থার আশ্রয় নিয়েছেন তা নিজ ভাষায় অনধিক পাঁচটি বাক্যে বর্ণনা কর।

উত্তর: (ক) করুণা উদ্রেকের রসকেই করুণরস বলে আখ্যায়িত করা হয়। 'সিরাজউদ্দৌলা' এমন একটি রচনা যেখানে একজন নবাবের করুণ মৃত্যুর মাধ্যমে নাটকের যবনিকা দেখানো হয়েছে। এটি ইতিহাস ভিত্তিক নাটক। কাজেই বাস্তবতা বহির্ভূত কাহিনী নির্মাণ এখানে সমীচীন ছিল না এবং ইতিহাসে জ্ঞান রাখেন এমন ব্যক্তিমাত্রই জানবেন পলাশীর যুদ্ধ ও নবাবের প্রাণহানির কথা। তবুও নাটকটিতে ট্র্যাজেডিসদৃশ বেদনাবহতাই প্রমাণ করে যে মৃত্যু হলেও সিরাজ অবিচলিত ও দৃঢ়প্রত্যয়ী হওয়ার মাধ্যমে একে অসামান্য উচ্চতায় নিয়ে গিয়েছেন। সিরাজ উদার ছিলেন, মানবিক ছিলেন তবে পারিপার্শ্বিক ষড়যন্ত্রের নির্মম নিষ্ঠুরতায় শেষমেশ পরাজয় স্বীকার করেন। শুধু সাধারণ দুঃখবোধ নয়, পরাজয়ের গ্লানি নিয়ে মৃত্যুপথযাত্রী সিরাজের বর্ণনা পাঠকের মনে করুণরসের সৃষ্টি করে।

(খ) সিরাজ চরিত্রের গুরুত্বপূর্ণ দিক হলো একজন সামন্ত নবাবের জনতার শক্তিতে জাগ্রত হবার বিশ্বাস নিয়ে দেশপ্রেমিক নেতায় পরিণত হওয়া, সিরাজ জনসমর্থন পেয়েছেন প্রচুর কিন্তু সিরাজ একদিকে যুদ্ধের ময়দানে অবস্থান করার অটল সংকল্পে স্থির, অপরদিকে দরবার থেকে জনতার প্রস্থানের পর স্ত্রী লুৎফার সঙ্গে সিরাজের পলায়ন চিন্তা-উভয় দিকই সিরাজের মানসিক অন্তর্দ্বন্দ্ব প্রকাশ করে। সিরাজ বীর শাসক, শক্তিশালী নবাব তাতে কেউ দ্বিমত প্রকাশ করবেন না। তবে তার যন্ত্রণা ভোগের সীমাবদ্ধতা ছিল যা তাকে এক দ্বৈরথে উপনীত করে।

(গ) সিরাজের চরিত্রের সার্থকতা, জনমানুষের মধ্যে এই লড়াকু মনোভাবকে জাগিয়ে তোলার মাধ্যমে -এ বিষয়ে আমি একমত। সিরাজ এক জাতীয় বীর যে কীনা আপনজন ও সভাসদদের দ্বারা ষড়যন্ত্রে বিপর্যস্ত। এখানে সিরাজের রণকৌশল, রাজনীতি চিন্তা, দর্শন সবকিছুকে ছাপিয়ে মানবিকতা ও উদারতার মোড়কে তাকে বাঙালির সামনে উপস্থাপন করেছেন নাট্যকার সিকান্দার আবু জাফর। সিরাজের মৃত্যুদৃশ্য বর্ণনা করতে গিয়ে তিনি সকলের মধ্যে আক্ষেপের বিস্তার ঘটান। দেশপ্রেমিক সিরাজকে অন্যায়ভাবে হত্যা করে মোহাম্মদী বেগ। সিরাজ এই অসহায় মৃত্যুই যে আক্ষেপের জন্ম দেয় তা লালন করে পাঠক-দর্শক। এটিই সিরাজ চরিত্রের সার্থকতা নানারকম গাঠনিক দুর্বলতা, নিরীক্ষণের অভাব, সিরাজের মনস্তাত্ত্বিক দ্বৈরথ -এসকল কমতিকে ঢেকে দিয়েছে পাঠক-দর্শকের মধ্যে সঞ্চারিত লড়াকু মনোভাব, তাই এখানেই নাটকটি সার্থক।

(ঘ) সিরাজউদ্দৌলা নাটকের চতুর্থ অঙ্কের দ্বিতীয় দৃশ্য হল নাটকের শেষ দৃশ্য. এর স্থান জাফরাগঞ্জের কয়েদখানা এবং সময় ২রা জুলাই ১৭৫৭ সাল। অন্ধকার কারাকক্ষে বন্দি সিরাজের সঙ্গে সাক্ষাৎ করতে আসে মিরন ও মোহাম্মদি বেগ। মিরন সিরাজকে তার অপরাধের দণ্ডাজ্ঞা শোনায়. সিরাজ অবিশ্বাসের সাথে মীর জাফর আলি খানের সেই হুকুমনামা দেখতে চাইলে মিরন সে বিষয়টি নিয়ে উপহাস করেন। এরপরে মিরন মোহাম্মদি বেগকে আদেশ করেন সিরাজকে হত্যার হুকুম তামিল করতে। সিরাজ এর কণ্ঠে কাতরতা বোঝা যায়, মোহাম্মদি বেগ তাকে খুন করতে আসায়। শেষ মুহূর্তে মৃত্যুর আক্ষেপে সিরাজের মুষ্টিবদ্ধ হাত কাঁপতে কাঁপতে চিরকালের মতো নিষ্পন্দ হয়ে যায়।

(ঙ) 'সিরাজউদ্দৌলা' নাটকে সিরাজ ব্যতীত অন্য কোনো চরিত্রই নাটকীয় গুণ নিয়ে বিকশিত হয় নি কারণ চরিত্রগুলো একমাত্রিক। তাছাড়াও শেষের দিকে সিরাজের যন্ত্রণাভোগ, দ্বন্দ্ব, পরিতাপ এগুলো আশানুরূপ বিকাশলাভ করেনি। কিন্তু নাট্যকার এই সীমাবদ্ধতা কাটিয়ে তুলতে চেয়েছেন পাঠক-দর্শকের মাঝে সিরাজকে সর্বোচ্চ সম্পৃক্ততা দানের মাধ্যমে। যথোপযোগী অলংকারিক সংলাপ ব্যবহার, রাইসুল জুহালার মত Dramatic relief তৈরি, হাস্যরসের সঞ্চার এবং সিরাজের অসমাপ্ত লড়াই শেষ করার তাগিদ- এসবই নাটকটির সীমাবদ্ধতা কাটাতে সাহায্য করেছে। সিরাজকে শুধু ঐতিহাসিক চরিত্র হিসেবে উপস্থাপন নয় বরং জনমানুষের মাঝে সিরাজের প্রচ্ছন্ন ছায়ার বিস্তার ঘটিয়ে নাট্যকার নাটকটিকে সার্থক করে তুলেছেন।

02. 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' সম্পর্কে অনধিক ছয়টি বাক্যে অনুচ্ছেদ লিখ। **05**

উত্তর: ১৯৯৯ সালের ১৭ নভেম্বর জাতিসংঘের শিক্ষা বিজ্ঞান ও সংস্কৃতিবিষয়ক সংস্থা ইউনেস্কো বাঙালি জাতির ভাষার জন্য এ আত্মত্যাগের দিনটিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে স্বীকৃতি দিলে দিনটির মহত্ত্ব ও মর্যাদা দেশের পরিসর থেকে বৈশ্বিক পরিসরে ছড়িয়ে পড়ে। বায়ান্নর ভাষা আন্দোলনের স্মৃতি বিজড়িত একুশে ফেব্রুয়ারি 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসেবে গৃহীত হওয়ার ব্যাপারটি আমাদের তথা বাংলাদেশের জন্য অত্যন্ত গৌরবের। কারণ, একুশে ফেব্রুয়ারি থেকে বাঙালি জাতি আত্মমর্যাদার চেতনা লাভ করেছিল, লাভ করেছিল মাতৃভাষাকে রাষ্ট্রভাষার মর্যাদাদানের প্রেরণা এবং অনুভব করেছিল ঐক্যবদ্ধ আন্দোলনের প্রয়োজনীয়তা। একুশ এমন একটি চেতনা, যার ফলে শুধু বাঙালি নয়, অবাঙালি জনগণও একমঞ্চে এসে হাজির হয়েছে। যারা পেয়েছে মাতৃভাষায় কথা বলার শক্তি আর সাহস। এ একুশ না হলে হয়তো বা চেতনে, মননে ও বাস্তবতায় ষোলআনা বাঙালি হয়ে ওঠা সম্ভব হতো না।

03. প্রযোজ্য ক্ষেত্রে অপপ্রয়োগ ও বানানগত ত্রুটি সংশোধন কর এবং যথাস্থানে বিরামচিহ্ন বসাওঃ **05**

প্রথম প্রাণীটি একটু খুঁটিয়ে দেখে বিস্ময়সূচক শব্দ করে বলল, তুমি ঠিকই বলেছ। এই প্রাণীগুলো সব একইভাবে তৈরি হয়েছে। সব প্রাণীর জন্য মূল গঠণটি হচ্ছে ডিএনএ দিয়ে সব প্রাণীর ডিএনএ একই রকম সবগুলো একই বেস পেয়ার দিয়ে তৈরী। সবচেয়ে সহজ এবং সবচেয়ে জটিল প্রাণীটির একই রকম গঠন। প্রাণীটির বিকাশের নীলনকশা এই ডিএনএ দিয়ে তৈরী করে রাখা আছে। কোনো প্রাণীর নীলনকশা সহজ, কোনো প্রাণীর নীলনকশা জটিল এটুকুই হচ্ছে পার্থক্য।

উত্তর: প্রথম প্রাণীটি একটু খুঁটিয়ে দেখে বিস্ময়সূচক শব্দ করে বলল, 'তুমি ঠিকই বলেছ। এই প্রাণীগুলো সব একইভাবে তৈরি হয়েছে। সব প্রাণীর জন্য মূল গঠনটি হচ্ছে ডিএনএ দিয়ে, সব প্রাণীর ডিএনএ একই রকম, সবগুলো একই বেস পেয়ার দিয়ে তৈরি। সবচেয়ে সহজ এবং সবচেয়ে জটিল প্রাণীটির একই রকম গঠন। প্রাণীটির বিকাশের নীলনকশা এই ডিএনএ দিয়ে তৈরি করে রাখা আছে। কোনো প্রাণীর নীলনকশা সহজ, কোনো প্রাণীর নীলনকশা জটিল - এটুকুই হচ্ছে পার্থক্য।'

04. Write a short paragraph on "Diaspora" **10**

Answer:

Diaspora

Diaspora refers to a scattered population or community of people who are originally from a particular geographic or cultural origin but have settled in different locations around the world. This movement often occurs due to various factors, such as economic opportunities, political unrest, or seeking refuge from conflict or persecution. Diaspora communities preserve their cultural identity, traditions, and language, often forming tight-knit communities in their new host countries. These communities play a vital role in bridging the gap between their homeland and the adopted country, fostering cultural exchange and preserving their heritage. Diaspora communities contribute to the diversity, richness, and global interconnectedness of societies, bringing their unique perspectives, skills, and talents to their new homes while maintaining a strong connection to their roots.

05. Read the part of the poem and explain (5 Sentences max) your interpretation regarding the contribution the figure mentioned in the poem to promoting awareness and ensuring safety. **05**

Traffic Police
Oh! My ear hurts! Oh! My head aches!
Oh! Look at the weather...such unpredictable days!
But I cannot swerve; I must be on duty.
I care for your safety.
Be it noisy or dusty; Be it sunny or rainy;
I must be on duty. I care for your safety.

Answer: In the provided poem, the figure, a traffic police expresses physical discomfort and acknowledges the unpredictable weather. Despite personal discomfort and challenging conditions, a traffic police emphasizes the commitment to duty. The repetition of "I must be on duty" highlights a strong sense of responsibility, suggesting a dedication to ensuring the safety of others regardless of external factors. This dedication implies that the figure is willing to endure discomfort, noise, dust, or adverse weather conditions to fulfill their duty. The poem suggests that a traffic police serves as a constant, unwavering presence focused on promoting awareness and ensuring safety, emphasizing their selfless commitment to the well-being of others.

06. Fill in the blanks with these options; change if needed. **05**

Celestial, crackling, sense, Star, Around

Under the (a) ____night sky, a (b) _____campfire illuminated a group of friends sharing stories and laughter. The smell of roasting marshmallows wafted through the air, creating a (c) _____ of warmth and camaraderie. As the flames danced, shadows played on the tents pitched around the campsite. The distant sounds of crickets and rustling leaves provided a soothing soundtrack to the peaceful night. (d) ______the fire, friendships deepened, and memories were etched into the tapestry of that serene evening. It was a simple yet magical moment, where the beauty of nature and the joy of togetherness converged under the (e) _____canopy.

Answer: (a) starry, (b) crackling, (c) sense, (d) Around, (e) celestial